# সমাচার দর্পণ

১০৮০ সংখ্যা। বালম ১৮।] ১৮৩৬ সাল ২৬ মার্চ। শনিবার ১২৪২ সাল ১৫ চৈত্র। SATURDAY, MARCH 26TH. 1836. [মূল্য মাসে ১ টাকা।

No. 1080. VOL. XVIII.] Published at Serampore every Saturday Morning. [Price—1 Rupee monthly.

## ইশতেহার।

### বিজ্ঞাপন।

সমাচার দেওয়া যাইতেছে যে গত ২ মার্চ বুধবার কলিকাতা নগরে শ্রীভগবতীচরণ সরকারের স্থানহইতে দুই কেতা বাঙ্গাল বেঙ্ক নোট খোয়া গিয়াছে বিশেষতঃ

২২,০৫৮ নং এক কেতা ১০০০ টাকা
২১,৮৯৭ নং এক কেতা ১০০০

যিনি এই নোট পাইয়া থাকেন অথবা অনুসন্ধান পান তিনি অনুগ্রহপূর্ব্বক কলিকাতা শহরের লালগির্জার ছাপাখানাতে শ্রীযুত মরি সাহেবের নিকট অথবা শ্রীরামপুরের ছাপাখানাতে তাহার সম্বাদ দিলে উপযুক্ত পারিতোষিক পাইবেন।

### শেষ সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩১ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় করিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার শেষ সরিফ শ্রীযুত উলিয়ম হিকি সাহেব রাজচন্দ্র চৌধুরির বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয় করিবেন।

বিশেষতঃ জিলা চব্বিশ পরগনার মাগুরা পরগনায় খিদিরপুরের ওয়াটগঞ্জের শামিল ও তন্মধ্যস্থিত যে এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ২/ দুই বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজচন্দ্র চৌধুরির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে তারক বোসের বাটী ও ভূমি। পশ্চিম দিগে রামনারয়ণ মুখুয্যের বাটী ও ভূমি। দক্ষিণ দিগে এক গলি। উত্তর দিগে জগন্নাথ মিস্ত্রির বাটী ও ভূমি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে অপর এক দোতালা ইষ্টকনির্ম্মিত গৃহ বসতবাটী এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ১/ এক বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজচন্দ্র চৌধুরির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধবিশেষতঃ পূর্ব্ব দিগে কাল শঙ্কর ঘোষালের এক খণ্ড ভূমি। পশ্চিম দিগে রামনারায়ণ মৈত্রের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে গদাধর ঘোষের এক খণ্ড ভূমি। উত্তর দিগে রামচাঁদ দত্তের এক খণ্ড ভূমি।

৩ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের উড়িয়া পাড়ার শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৩ তিন বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজচন্দ্র চৌধরির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পশ্চিম দিগে এক গলি। পূর্ব্ব দিগে বিচু পাটকের এক খণ্ড ভূমি। দক্ষিণ দিগে সদর রাস্তা। উত্তর দিগে কালীশঙ্কর ঘোষালের এক খণ্ড ভূমি।

৪ দফা। এবং পূর্ব্বোক্ত জিলা ও পরগনায় খিদিরপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।৩॥ আট কাঠা আট ছটাক তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে নানাজাতীয় বৃক্ষ ও পুষ্পের চারা আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজচন্দ্র চৌধুরির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব ও উত্তর দিগে রাস্তা। দক্ষিণ দিগে কাশীনাথ কেরাণির এক পুষ্করিণী। পশ্চিম দিগে উক্ত কাশীনাথ কেরাণির এক খণ্ড ভূমি।

৫ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রায়তী ভূমি অনুমান ১০॥৩ দশ বিঘা তের কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে দুই পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজচন্দ্র চৌধুরির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে সদর রাস্তা। পশ্চিম ও উত্তর দিগে কালীশঙ্কর ঘোষালের ভূলি। দক্ষিণ দিগে কৃষ্ণদাস মোহন্তর আখড়ার বাগান।

৬ দফা। এবং পূর্ব্বোক্ত জিলার মাগুরা পরগনায় হদ্রি পাটির শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ৫॥১ পাঁচ বিঘা এগার কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে এক পুষ্করিণী ও নানাজাতীয় বৃক্ষ আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজচন্দ্র চৌধুরির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগের একাংশে হাবিল মিস্ত্রির এক খণ্ড ভূমি অপরাংশে কুড়ুই আহিরির ভূমি। পশ্চিম দিগে কুবের সরদারের বাগাত ভূমি। উত্তর দিগে কবরডাঙ্গা। দক্ষিণ দিগে সেখ জয়ন্দির এক খণ্ড ভূমি।

৭ দফা। এবং পূর্ব্বোক্ত জিলা ও পরগনায় আকোলপুরের শামিল ও তন্মধ্যস্থিত যে এক খণ্ড ও বন্দ রাইয়তী ভূমি অনুমান ৪/ চারি বিঘা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে এক পুষ্করিণী আছে তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী রাজচন্দ্র চৌধুরির যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ উত্তর দিগে সদর রাস্তা। দক্ষিণ দিগে ফাগুমল্লার বাগাৎ ভূমি। পূর্ব্ব দিগে কুতব খানসামার বাটী ও ভূমি। পশ্চিম দিগে কালীশঙ্কর ঘোষালের এক খণ্ড ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

### সরিফ সেল।

সমাচার দেওয়া যাইতেছে যে আগামি ৩১ মার্চ বৃহস্পতিবার বেলা ঠিক দুই প্রহরের সময় সুপ্রিম কোর্ট ঘরের নীচের বারান্দায় সরিফের দপ্তরখানায় প্রবেশদ্বারের নিকট কলিকাতার সরিফ সাহেব মেরি জিগো ও আলেকজান্দর জিগোর বিরুদ্ধে ফাইরাই ফেসিয়াসনামক পরবানার ক্ষমতাতে পবলিকসেলে অর্থাৎ নীলামে ইহা বিক্রয়করিবেন।

বিশেষতঃ কলিকাতা নগরের চিনা বাজারে মুরগিহাটার শামিল ও তন্মধ্যস্থিত যে ইষ্টকনির্ম্মিত এক দোতালা গৃহ বসতবাটী নং ৩২ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান /৪ চারি কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মরি জিগো ও আলেকজান্দর জিগোর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসীমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে কৃষ্ণমোহন মল্লিকের গুদাম ও ভূমি। পশ্চিম দিগে শেষোক্ত বাটী। উত্তর দিগে মির্জা মেসকী মেদীর বাটী ও ভূমি। দক্ষিণ দিগে সরকারী গলি।

২ দফা। এবং পূর্ব্বোক্ত স্থানের শামিল ও তন্মধ্যস্থিত যে গোলাবাটীনামে খ্যাত একখান খোলারঘর নং ৩৩ এবং তাহার সঙ্গে যে এক খণ্ড ও বন্দ ভূমি অনুমান ।২ সাত কাঠা তাহা কিছু কমী হউক বা বেশী হউক তাহাতে ও তাহার মধ্যে ও তাহার উপর পূর্ব্বোক্ত আসামী মরি জিগো ও আলেকজান্দর জিগোর যে স্বত্ব ও অধিকার ও সম্পর্ক আছে তাহা উপরে লিখিত কাল ও স্থান ও নিয়মানুসারে বিক্রীত হইবেক। তাহা এইরূপে চতুঃসমাবদ্ধ বিশেষতঃ পূর্ব্ব দিগে উপরি উক্ত বাটী। পশ্চিম ও দক্ষিণ দিগে সরকারী গলি। উত্তর দিগে উক্ত মির্জা মেস্‌ক মেদীর বাটী ও ভূমি।

সরিফের দপ্তরে অন্বেষণ করিলে এই বিক্রয়ের বেওরা জানিতে পারিবেন।

## ইশতেহার।

শ্রীরামপুরের মুদ্রাযন্ত্রালয়ে যত পুস্তক প্রকাশিত হইয়াছে তাহা কলিকাতায় মিসেন রোরাস্তায় চর্চ মিসন প্রেসে বিক্রয়ার্থ রাখা গিয়াছে। ঐ স্থান লালগির্জার নিকটবর্ত্তি রাস্তার ধারে যাঁহার গ্রহণেচ্ছা হয় সেখানে গমন করিলে শ্রীযুত ডিরোজারিয়ো সাহেবের নিকটে চাহিলে পাইতে পারিবেন।

### বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ভাষায় গবর্ণমেণ্টের আইন।

শ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর যে সকল আইন প্রকাশ করিয়াছেন তাহা শ্রীযুত গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে সংশোধিত হইয়া মুদ্রাঙ্কিত হইয়াছে তাহার প্রত্যেক বালমের মূল্য ২৫ টাকা। প্রথম বালমে ১৭৯৩ সালের তাবৎ আইন আছে দ্বিতীয় বালমে ১৭৯৪।৯৫ সালের তৃতীয় বালমে ইং ১৭৯৬ লাং ১৮০১ সালের চতুর্থ বালমে ইং ১৮০২ লাং ১৮০৯ সালের পঞ্চম বালমে ১৮১০ সাল অবধি ১৮১৫ সালের ষষ্ঠ বালমে ইং ১৮১৬ লাং ১৮২১ সালের সপ্তম বালমে ১৮২২ সালঅবধি ১৮২৬ সালপর্য্যন্তের তাবৎ আইন সংগৃহীত হইয়াছে। অবশিষ্ট আইন এইক্ষণে ছাপা হইতেছে।

দেওয়ানী আইনের খোলাসা।

১৭৯৩ সালঅবধি ১৮১৪ সালপর্য্যন্ত তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

দেওয়ানী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ১৮২৫ সাল লাং ১৮৩০ সালের তাবৎ আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ১ টাকা।

ফৌজদারী আইনের খোলাসা।

অর্থাৎ ফৌজদারীবিষয়ক ইং ১৭৯৩ সাল লাং ১৮২৫ সালের গবর্ণমেণ্টের আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

ফৌজদারী আইনের খোলাসার পরিশেষ।

অর্থাৎ ইং ১৮২৬ সাল লাং ১৮৩৩ সালের তাবৎ ফৌজদারী আইনের খোলাসা অর্থাৎ সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

জমীদারী আইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত জমীদারীবিষয়ক যে সকল আইন গবর্ণমেণ্টকর্ত্তৃক প্রকাশিত হইয়াছে তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

বিবিধআইনের খোলাসা।

অর্থাৎ ১৭৯৩ সালঅবধি ১৮২৪ সাল পর্য্যন্ত হাসিল ও নিমক ও আফীন ও ইষ্টাম্প ও আবকারী ও বাণিজ্যবিষয়ক গব

র্ণমেণ্টকর্ত্তৃক যে সকল আইনপ্রকাশ হয় তাহার সারসংগ্রহ। মূল্য ৫ টাকা।

নীলবিষয়ক আইন।

অর্থাৎ ১৮১৮ সালের নীলবিষয়ক যে পাঁচ আইন নির্দ্দিষ্টহয় তাহা। মূল্য ।০ আনা।

মুনসেফ ও সদর আমীন ও প্রধান সদর আমীনের পথদর্শক গ্রন্থ।

অর্থাৎ তাঁহারদের আদালতে মোকদ্দমা নির্ব্বাহার্থ যে সকল বিধির আবশ্যক তাহা গবর্ণমেণ্টের প্রকাশিত আইনহইতে গ্রহণপূর্ব্বক যথাক্রমে অর্পণ হইয়া শ্রীযুত আনরবল বৈস প্রসীডেণ্টসাহেবের হজুর কৌন্সেলের অনুমতিপূর্ব্বক প্রকাশিত হইল। মূল্য ১০ টাকা।

ইষ্টাম্পের আইন।

অর্থাৎ ইষ্টাম্পবিষয়ক ১৮৩২ সালের ১০ আইন তদ্দ্বারা পূর্ব্বকৃত তাবৎ ইষ্টাম্প আইন রদ হয়। মূল্য ২ টাকা।

প্রবোধ চন্দ্রিকা।

সংপ্রতি মহামহোপাধ্যায় মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক রচিত প্রবোধ চন্দ্রিকানামক গ্রন্থ সাধুভাষাতে উত্তমাক্ষরে উত্তম কাগজে প্রথমবার মুদ্রাঙ্কিত হইয়াছে। মূল্য ৪ চারি টাকা।

মুগ্ধবোধ।

অর্থাৎ বোপদেবকর্ত্তৃক রচিত সংস্কৃত মুগ্ধবোধ। মূল্য ১ টাকা।

দেবনাগরে অমরকোষ।

দেবনাগরঅক্ষরে প্রকাশিততাহার ইঙ্গরেজী শ্রীযুত কোলবোরোক সাহেবকর্ত্তৃক সম্পন্ন হইয়া সুজিসমেত দ্বিতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১২ বার টাকা।

সাংখ্য প্রবচন ভাষ্য।

অর্থাৎ সাংখ্যদর্শনের সংক্ষিপ্ত সংগ্রহ। মূল্য ৫ টাকা।

গোলাধ্যায়।

অর্থাৎ ভূগোলীয় তাবদ্বৃত্তান্ত বাঙ্গলা ভাষায় মুদ্রিত। মূল্য ২ টাকা।

দিগ্‌দর্শন।

অর্থাৎ তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ৫ টাকা।

যাত্রিকের বিবরণ।

ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। মূল্য ৪ টাকা।

বিদ্যাহারাবলি।

অর্থাৎ অস্ত্র চিকিৎসা বিদ্যার বিষয় ফিলিক্স কেরি সাহেবকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় অনুবাদ হয়। মূল্য ১৪ টাকা।

ভারতবর্ষীয় ইতিহাস।

অর্থাৎ ভারতবর্ষে ইঙ্গলণ্ডীয়েরদের প্রথমাগমনাবধি ১৮২২ সালপর্য্যন্ত ইঙ্গলণ্ডীয়েরদের ভারতবর্ষে কৃত তাবৎ ব্যাপারের উপাখ্যান ২ বালমে প্রকাশিত হয় মূল্য ৮ টাকা।

পত্রধারা।

তন্মধ্যে পাঠাপাঠ ও পাট্টা ও কবুলিয়ত দরখাস্তপ্রভৃতি এবং শুভঙ্করী আর্য্যা ও ভাষাসমেত চাণক্যের শ্লোক তৃতীয়বার মুদ্রাঙ্কিত। মূল্য ১ টাকা।

মেপ।

অর্থাৎ বাঙ্গলা ভাষায় ভারতবর্ষের এক নক্সা তাহাতে তাবৎ প্রধান২ পর্ব্বত নগর নদী গ্রামপ্রভৃতির নামাদি স্পষ্ট লিখিত আছে। মূল্য ১০ টাকা।

রাজাবলি।

অর্থাৎ ভারতবর্ষীয় রাজারদিগের বিবরণ মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার ভট্টাচার্য্যকর্ত্তৃক বাঙ্গলা ভাষায় রচিত হইয়া প্রকাশিত হইয়াছে তাহার মূল্য ৩ টাকা

---

ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায়।

বাঙ্গলা ডিক্সনরি।

অর্থাৎ শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ডিক্সনরি তাহাতে বাঙ্গলা শব্দ সমূহের অর্থ ইঙ্গরেজীতে ব্যক্ত আছে তাহা বৃহৎ তিন বালমে প্রকাশিত। মূল্য ৬০ টাকা।

শ্রীরামপুরের বাঙ্গলা ডিক্সনরি।

২ বালম।

তাহার প্রথম বালমে পূর্ব্বোক্ত গ্রন্থের শব্দ সংক্ষেপে অর্পিত আছে তাহাতে ২৬০০০ বাঙ্গলা শব্দের অর্থ ইঙ্গরেজীতে করা গিয়াছে। দ্বিতীয় বালমে ২৩৯৬৩ ইঙ্গরেজী শব্দের অর্থ বাঙ্গলাতে লেখা গিয়াছে। দুই বালমের মূল্য ১০ টাকা পৃথক্‌রূপে লইলে ৬ টাকা।

বাঙ্গলা গ্রামার।

অর্থাৎ ডাক্তর কেরিসাহেবকর্ত্তৃক রচিত বাঙ্গলা ভাষায় গ্রামার। চতুর্থবারমুদ্রিত। মূল্য ৪ টাকা।

কবিতারত্নাকর।

অর্থাৎ স্বল্পের মধ্যে পণ্ডিতের ন্যায় বক্তৃতা সভ্যতাহওনের নিমিত্ত সুগমোপায় স্থির করিয়া যে সকল কবিতার এক ভাগ ব্যবহারিক কথার মধ্যে সর্ব্বদা সকলে প্রমাণ দর্শিয়া থাকেন তাহার সম্পূর্ণ সংস্কৃত শ্লোক এবং তাহার বাঙ্গলা অর্থ ইঙ্গরেজী ভাষায় অনুবাদ হইয়া প্রকাশিত হইয়াছে। তাহা শ্রীযুক্ত নীলরত্ন শর্ম্মহালদারকর্ত্তৃক সংগৃহীত। মূল্য ৩ টাকা।

কালাকুইশ।

অর্থাৎ বাঙ্গলা ভাষা শিক্ষার্থ ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় কথোপকথন শ্রীযুত ডাক্তর কেরি সাহেবকর্ত্তৃক রচিত তৃতীয়বার মুদ্রিত। মূল্য ৪ টাকা।

দিগ্‌দর্শন।

তাহাতে নানাবিধ উপযোগি সম্বাদসকল প্রথম পৃষ্ঠায় বাঙ্গলা ভাষায় এবং দ্বিতীয় পৃষ্ঠায় ইঙ্গরেজীতে মুদ্রিত। মূল্য ৮ টাকা।

সদ্‌গুণ ও বীর্য্যের ইতিহাস।

অর্থাৎ সদ্‌গুণ ও বীর্য্যের মনোরঞ্জক ইতিহাস বাঙ্গলাতে অনুবাদ হইয়া প্রথম ও দ্বিতীয় পৃষ্ঠায় ক্রমে ইঙ্গরেজী ও বাঙ্গলা ভাষায় মুদ্রাঙ্কিত। মূল্য ২ টাকা।

## রাজকর্ম্মে নিয়োগ।

১৫ মার্চ ১৮৩৬।

শ্রীযুত কর্ণল ডি মাক্‌লৌড সাহেব মুরশিদাবাদের শ্রীলশ্রীযুত গবর্‌নর জেনরলের একটিং এজেন্টী পদে নিযুক্ত হওয়াতে বর্ত্তমান মাসের ৯ তারিখে শ্রীযুত কর্ণল কলফিল্‌ড সাহেবের নিকটহইতে তৎকর্ম্মের ভার গ্রহণ করিলেন।

১৪ মার্চ।

রজপুতানার এজেন্ট সাহেবের আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত মটলী সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে পর্ব্বতে গমনার্থ আগামি ১ প্রথম আপ্রিল তারিখঅবধি ছয় মাসের ছুটি পাইয়াছেন।

মান্দ্রাজস্থ ইউরোপীয় রেজিমেন্টের কাপ্তান শ্রীযুত টি এ দ্যুক সাহেব নাগপুরস্থ রেসিডেন্ট সাহেবের তৈনাতি সৈন্যের অধ্যক্ষতা ও বাজারের সুপরিন্টেণ্ডেন্টী পদে নিযুক্ত হইয়াছেন।

পদাতিক সৈন্যের ৪১ রেজিমেন্টের কাপ্তান শ্রীযুত মাকার্থর সাহেব মহীশূর অঞ্চলের সুপরিন্টেণ্ডেন্টী পদে নিযুক্ত হওয়াতে গত ফেব্রুআরি মাসের ১৭ তারিখে স্বীয় কর্ম্মের ভার গ্রহণ করিয়াছেন।

ভারতবর্ষের শ্রীলশ্রীযুত গবর্‌নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে মৃত এচ পালিন সাহেবের পদে শ্রীযুত জে এচ সুইনহো সাহেবকে কোম্পানিবাহাদুরের একটিং উকীলী পদে নিযুক্ত করিয়াছেন।

১৬ মার্চ।

চারি রাজধানীর হাসিল ও ডাক মাসুলবিষয়ক আইন সংশোধনার্থ কমিটির অন্তঃপাতী শ্রীযুত ডবলিউ এচ বাবিংটন সাহেব স্বীয় কর্ম্মোপলক্ষে বার দিনের ছুটি পাইয়াছেন।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত এস টি কথবর্ট সাহেব বিলাত গমনার্থ রোবার্টসনামক জাহাজারোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমান মাসের ১৫ তারিখে আড়কাটি ছাড়িয়া আসিয়াছে।

সিবিলসম্পর্কীয় শ্রীযুত টি পি উড়কক্ সাহেব ড্রুণগালনামক জাহাজারোহণ করিয়াছেন ঐ জাহাজ বর্ত্তমাসের ১৩ তারিখে আড়কাটি ছাড়িয়া আসিয়াছে।

কান্টননগরে কোম্পানিবাহাদুরের ফিনেলসিয়াল এজেন্টের প্রধান মেম্বর শ্রীযুত জে এন ডানিয়ল সাহেব ছুটি লইয়া গত জানুআরি মাসের ১২ তারিখে বিলাত গমন করাতে শ্রীলশ্রীযুত গবর্‌নর্ জেনরল বাহাদুর হজুর কৌন্সেলে নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

শ্রীযুত টি সি স্মিথ সাহেব কান্টননগরস্থ কোম্পানিবাহাদুরের ফিনেল সিয়াল এজেন্টের প্রধান মেম্বর হইয়াছেন।

শ্রীযুত জান জাকসন সাহেব ঐ স্থানের দ্বিতীয় মেম্বর হইয়াছেন।

শ্রীযুত জে এচ আস্টেল সাহেব ঐ স্থানের তৃতীয় মেম্বর ও শ্রীযুত জাকসন সাহেবের অনুপস্থানপর্য্যন্ত দ্বিতীয় মেম্বরেরও কার্য্য নির্ব্বাহ করিবেন।

আষ্টল সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এচ এম ক্লার্ক সাহেব কান্টননগরে কোম্পানিবাহাদুরের ফিনেলসিয়াল এজেন্টের তৃতীয় মেম্বরের ও সেক্রেটরীর কার্য্য নির্ব্বাহ করিবেন।

শ্রীযুত ডানিয়ল সাহেবের বিলাত গমনোত্তর তারিখঅবধি অর্থাৎ গত জানুআরি মাসের ১২ তারিখঅবধি উপরি উক্ত নিয়োগ চলিবে।

নীচে লিখিতব্য সাহেবেরা স্ব২কর্ম্ম স্থানহইতে ছুটি পাইয়াছেন।

১২ মার্চ।

পোলিশ সার্জন্ট শ্রীযুত জে আর বস সাহেব গত মাসের ৯ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত চিকিৎসকের সর্টিফিকটক্রমে এক মাসের ছুটি পাইয়াছেন।

১৫ মার্চ।

মুরশিদাবাদের সিবিল ও সেসন জজ শ্রীযুত এচ জে মিদলটন সাহেব গত মাসের ১০ তারিখে যে ছুটি পান তদতিরিক্ত যে করমণ্ডলনামক যে জাহাজে তিনি বিলাত গমন করিবেন সেই জাহাজ গমনের তারিখপর্য্যন্তের ছুটি পাইয়াছেন।

## Civil Appointments.

*15th March*, 1836.

Colonel D. McLeod, nominated to officiate as Agent to the Governor General at Moorshedabad, received charge of that office from Colonel Caulfeild, C. B., on the 9th instant.

*14th March.*

Mr. Assistant Surgeon Mottly, attached to the Rajpootana Agency, has obtained six months' leave of absence from the 1st of April next, to visit the Hills, on private affairs.

Captain T. A. Duke, of the Left Wing Madras European Regiment, to command the Escort of the Resident at Nagpore, and to be Superintendent of Bazars.

Captain Macarthur, of the 41st Regiment Native Infantry, nominated Superintendant of a Division in Mysore, assumed charge of his duties on the 17th February last.

The Right Honourable the Governor General of India in Council has been pleased to appoint Mr. J. H. Swinhoe to officiate as Attorney to the Honourable Company, vice Mr. H. Paulin deceased.

*16th March.*

Mr. W. H. Babington, Member of the Committee for revising the Customs and Post Office Regulations of the four Presidencies, has obtained leave of absence for twelve days, on private affairs.

Mr. S. T. Cuthbert, of the Civil Service, embarked for England on board the Ship *Robarts*, which vessel was left by the Pilot at sea on the 15th instant.

Mr. T. P. Woodcock, of the Civil Service, embarked on board the Ship *Drongan*, which vessel was left by the Pilot at sea on the 13th instant.

Mr. J. N. Daniell, Senior Member of the Honourable Company's Financial Agency at Canton, having proceeded to England, on Furlough, on the 12th January last, the Right Honourable the Governor General in Council is pleased to make the following appointments :

Mr. T. C. Smith to be Senior Member of the Honourable Company's Financial Agency at Canton.

Mr. John Jackson to be Second Member of ditto.

Mr. J. H. Astell to be Third Member of ditto, and to officiate as Second Member during Mr. Jackson's absence.

Mr. H. M. Clarke to officiate as Third Member and Secretary to the Honourable Company's Financial Agents at Canton, vice Mr. Astell.

The above appointments will take effect from the date of Mr. Daniell's departure for England, viz. 12th January last.

The following officers have obtained leave of absence from their stations :

*12th March.*

Mr. J. R. Vos, Police Surgeon, for one month, on medical certificate, in extension of the leave granted to him on the 9th ultimo.

*15th March.*

Mr. H. J. Middleton, Civil and Session Judge of Moorshedabad, until the sailing of the Ship *Coromandel*, on which he has taken his passage for Europe, in extension of the leave granted to him on the 10th ultimo.

৫ মার্চ।

শ্রীলশ্রীযুত গবর্নর্ সাহেব নীচে লিখিতব্য নিয়োগ করিয়াছেন।

পদাতিক সৈন্যের ৮ রেজিমেন্টের লেপ্টেনন্ত শ্রীযুত ডবলিউ এচ আর বোলাণ্ড সাহেব সাগর ও নর্ম্মদা রাজ্যের কমিস্যনরের আসিষ্টান্ট হইয়াছেন।

লঘুঅস্ত্রধারী অশ্বারূঢ় সৈন্যের ৫ রেজিমেন্টের লেপ্টেনন্ত শ্রীযুত উইটলি সাহেব ঐ ঐ।

গোলন্দাজের লেপ্টেনন্ত কর্ণল শ্রীযুত জি ই গোআন সাহেব কমাউনের কমিস্যনর হইয়াছেন।

৭ মার্চ।

সাহাজাহানপুরের মাজিস্ত্রেট ও কালেক্টর শ্রীযুত জে এস ক্লাক সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে গমনার্থ ১৫ মার্চ তারিখঅবধি আগামি ১৫ নবেম্বর তারিখপর্য্যন্তের ছুটি পাওয়াতে স্বীয় মাজিস্ত্রেট ও কালেক্টরের পদ শ্রীযুত এফ পি বুলর সাহেবকে অর্পণ করণার্থ হুকুম পাইয়াছেন ঐ সাহেব তাঁহার অনুপস্থানপর্য্যন্ত ঐ কার্য্য নির্ব্বাহ করিবেন।

ঠগ নিবারণার্থ সাধারণ সুপরিন্টেণ্ডেন্টের আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনন্ত সি ই মিল্স সাহেব ১ সংখ্যক অর্থাৎ মিরট প্রদেশের কএক জিলাতে ও দিল্লি রাজ্যে এবং আম্বালার পোলিটিকাল এজেন্টের অধীন তাবৎ রাজ্যের জাইন্ট মাজিস্ত্রেটের ক্ষমতা প্রাপ্ত হইয়াছেন।

ঠগ নিবারণার্থ সাধারণ সুপরিন্টেণ্ডেন্টের আসিষ্টান্ট শ্রীযুত লেপ্টেনন্ত জে শ্লিমন সাহেব ৫ সংখ্যক অর্থাৎ বারাণসী এলাকার কএক জিলাতে তদ্রূপ ক্ষমতানুসারে কার্য্য নির্ব্বাহ করিতে হুকুম পাইয়াছেন।

১২ মার্চ।

শ্রীযুত ডবলিউ পি মেসন সাহেবকে শ্রীলশ্রীযুত লেপ্টেনন্ত গবর্নর্ সাহেব ৩ সংখ্যক অর্থাৎ বরেলি প্রদেশের কমিস্যনরের আসিষ্টান্টী পদে নিযুক্ত করিয়াছেন।

আলিগড়ের মাজিস্ত্রেট ও কালেক্টরের আসিষ্টান্ট শ্রীযুত এ ইউ সি প্লৌডন সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে পর্ব্বতে গমনার্থ বর্ত্তমান মাসের ২০ তারিখঅবধি আট মাসের ছুটি পাইয়াছেন।

*5th March.*

The Honourable the Governor is pleased to make the following appointments:

Lieutenant W. H. R. Boland, of the 7th Regiment Native Infantry, to be an Assistant to the Commissioner in the Saugor and Nerbudda Territories.

Lieutenant A. Wheatley, of the 5th Regiment Light Cavalry, to be ditto ditto.

Lieutenant Colonel G. E. Gowan, of the Artillery, to be Commissioner of Kumaon.

*7th March, 1836.*

Mr. J. S. Clarke, Magistrate and Collector of Shahjehanpore, has obtained leave of absence from his station, from the 15th March to the 15th of November next, to proceed to the Hills, on medical certificate; Mr. Clarke has been authorized to make over charge of the offices of Magistrate and Collector to Mr. F. P. Buller, who will officiate in those capacities during his absence.

Lieutenant C. E. Mills, Assistant to the General Superintendent of the Operations for the Suppression of Thuggee, is vested with the powers of Joint Magistrate in the several Districts comprised in the 1st or Meerut Division, and in the Dehli Territory, as well as in those under the Political Agent at Amballah.

Lieutenant J. Sleeman, Assistant to Do. Do. with Do. Do. in the several Districts comprised in the 5th or Benares Division.

*12th March.*

The Honourable the Lieutenant Governor has been pleased to appoint Mr. W. P. Masson to be an Assistant under the Commissioner of the 3d or Bareilly Division.

Mr. A. U. C. Plowden, Assistant to the Magistrate and Collector of Allyghur, has obtained leave of absence from his station for eight months, from the 20th instant, to proceed to the Hills, on medical certificate.

# সমাচার দর্পণ

শনিবার ২৬ মার্চ ১৮৩৬।

# SUMACHAR DURPUN.

SATURDAY, 26TH MARCH, 1836.

শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেব ইঙ্গলণ্ড দেশে প্রত্যাগমন না করিয়া পশ্চিমপ্রদেশীয় লেপ্টেনন্ত গবর্নরীপদ গ্রহণ করিলেন। তাঁহার দুই জন সেক্রেটরী থাকিবে এবং ইঙ্গলণ্ডীয় সীমাবর্ত্তি রাজ্যের সঙ্গে গবর্ণমেণ্টের যে কার্য্য তাহা তাঁহারি কর্ত্তৃত্বাধীনে থাকিবে। এতদ্রূপে ভারতবর্ষস্থ গবর্ণমেণ্টের সর্ব্বাপেক্ষা অতিসুকঠিন বিষয় যেং তাহা যিনি সর্ব্বাপেক্ষা সুকঠিন কর্ম্মদক্ষ তাঁহারি হস্তে অর্পিত হইল সুতরাং শ্রীযুত আনরবল রস সাহেব অগৌণেই কলিকাতায় প্রত্যাগমন করিবেন। শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবের কার্য্যবিষয়ে শ্রীলশ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা কিপর্য্যন্ত সন্তুষ্ট হইয়াছেন তাহা প্রকাশার্থ তাঁহারা হুকুম করিয়াছেন যে শ্রীলশ্রীযুত মেটকাফ সাহেব আগ্রার গবর্নরীপদে যে বেতন পাইতেন সেই বেতনই পাইবেন।

শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে শ্রীলশ্রীযুত সর চার্লস মেটকাফ সাহেবকে অর্পণার্থ এতদ্দেশীয় লোকেরা এক প্রশংসাপত্র প্রস্তুত করিয়াছেন। ভরসা করি যে কলিকাতা ও চতুর্দ্দিগস্থ এতদ্দেশীয় মহাশয়েরা তাহা স্বাক্ষরিতকরণার্থ কেহই ক্রুটি করিবেন না। তাহা স্বাক্ষরিত হওনার্থ সোমবার অপরাহ্নপর্য্যন্ত টৌনহালে থাকিবে। এবং এক ব্যক্তি ঐ পত্র লইয়া প্রতিদিন দশটাঅবধি চারিটাপর্য্যন্ত তথায় উপস্থিত থাকিবে। কুরিয়রপত্রদ্বারা অবগত হওয়া গেল যে এইক্ষণে পোনর শত ব্যক্তির অধিক তাহাতে স্বাক্ষর করিয়াছেন।

*Sir Charles Metcalfe.*

WE are exceedingly happy to learn that Sir Charles Metcalfe, instead of proceeding to England, has accepted the office of Lieutenant Governor of the Western Provinces. Sir Charles is to have two Secretaries and the guidance of our relations with the frontier states. Thus the most difficult branch of the Government of India is placed in the hands of the individual best able to conduct it. The Honourable Mr. Ross will of course return to Calcutta immediately. The Court of Directors to shew the sense they entertained of the services of Sir Charles Metcalfe, have directed that he shall continue to draw the same allowance which he enjoyed as Governor of Agra.

We are happy to learn that a Native Address to Sir Charles Metcalfe has been prepared. We hope that no Native in Calcutta and its neighbourhood will fail to affix his name to it. It will lie for signature at the Town Hall, until Monday afternoon, and a person will be in attendance with it every day from ten in the morning to four in the afternoon. We learn from the Courier that the signatures already exceed *fifteen hundred.*

কোলজাতীয়েরা।

সম্বাদপত্রদ্বারা অবগত হওয়া গেল যে কোলজাতীয়েরা পুনর্ব্বার বিপক্ষতাচরণ করিতেছে। কলিকাতাহইতে যে ডাকের পুলিন্দা জবলপুরে প্রেরণ করা যাইতেছিল তাহা তাহারা আক্রমণপূর্ব্বক ঐ পুলিন্দা বাহকেরদের এক জনকে হত ও অন্যেরদিগকে আঘাত করিয়াছে।

হিন্দুকালেজ।

হিন্দুকালেজের ছাত্রেরদের প্রায় নিয়তই প্রতিবৎসরে বার্ষিক পরীক্ষা টৌনহালে হইয়া থাকে কিন্তু এই বৎসরে শ্রীলশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুরের অনুমতিক্রমে ঐ পরীক্ষা গত বৃহস্পতিবারে গবর্ণমেণ্ট হৌসে সম্পন্ন হইল এবং তৎসময়ে শ্রীলশ্রীযুক্তের সাক্ষাৎ তাবৎ পুরস্কার ছাত্রেরদিগকে বিতরণ করা গেল।

বেলুনযন্ত্র।

গত সপ্তাহের বুধবারে বেলুনযন্ত্র দর্শনার্থ কলিকাতাস্থ তাবল্লোক গমন করিয়াছিলেন তদ্বিষয়ক এক লিপি আমরা জ্ঞানান্বেষণপত্রহইতে দর্পণস্থ করিলাম। শুনিয়া পরমাপ্যায়িত হওয়া গেল যে অত্যল্প দিবসের মধ্যে শ্রীযুত রাবর্টসন সাহেব দ্বিতীয়বার বেলুনযন্ত্রে ঊর্দ্ধগমন করিতে নিশ্চয় করিয়াছেন। ঐ সাহেব এতদ্দেশীয় সাধারণ লোকেরদিগকে যে আবেদনপত্র দিয়াছেন তাহা তর্জমা করিয়া আমরা পশ্চাৎ প্রকাশ করিলাম।

বঙ্গদেশস্থ লোকেরদের প্রতি আকাশপথোদ্গামি ব্যক্তির নিবেদন।

বঙ্গদেশস্থ লোকেরা মদীয় কার্য্যে যেরূপ অনুরাগ দর্শিয়াছেন এবং অস্মদীয় বিষয়ে যেরূপ মানস করিয়াছেন তাহা ২১ মার্চ তারিখের ইঙ্গলিসমেন সম্বাদপত্র পাঠ করিয়া পরম বাধিত হইলাম। আমার প্রাপ্য অর্থের অনেক ক্ষতি হইয়াছে বটে কিন্তু এতদ্দেশীয় লোকেরা ঐশ্বর্য্য বিষয়ে এবং বিদেশীয় লোকেরদের ঔৎসাহিক ব্যাপারের পৌষ্টিকতাকরণবিষয়ে সুপ্রসিদ্ধই আছেন অতএব ইহাঁরদের কার্পণ্যপ্রযুক্ত যে আমার অর্থ ক্ষতি হইয়াছে এমত বোধ করি না। বরং আমি বুঝি যে তাঁহারদিগকে কোন নূতন বিষয় দর্শনার্থ যে সকল উদ্যোগ হইয়াছে তাহাতে তাঁহারা বিলক্ষণরূপ পুরস্কার দান করিয়াই আসিতেছেন। আমার বোধ হয় যে বেলুনে গ্যাসপূর্ণকরণরূপ যে অতিমনোরঞ্জনকার্য্য তদ্দর্শনার্থী উদ্যানে যে এমত অল্প লোক সমাগত ছিলেন তাহার কারণ এই যে আমি যে ব্যাপার করিতে অঙ্গীকার করিয়াছিলাম তাহা সুসম্পন্ন করিতে পারিব কি না এমত অনেকের সন্দেহ ছিল এইক্ষণে তাহাতে আর অবিশ্বাসের বিষয় নাই। ১৬ তারিখে আকাশপথোদ্গমনে আমি যাদৃশ কৃতকার্য্য হইয়াছি তাহাতে সপ্রমাণ হইল যে এইক্ষণে আমার কথাতে বিশ্বাস করিতে পারেন অতএব আমি ভরসা করি যে দ্বিতীয়বার উর্দ্ধগমনার্থ যে চাঁদা হইবে তাহাতে অনেক ব্যক্তি স্বাক্ষর করিবেন। অপর আমার প্রথমোদ্গমনেতে যে ক্ষতি হইয়াছে তাহা পোষাইবার নিমিত্ত যে প্রস্তাব হইয়াছে তাহাতে আমি

*The Coles.*

We learn from the public papers that the Coles are again in a state of insurrection. They have attacked the mail which was going from Calcutta to Jubbulpore, and killed one of the runners, besides wounding others.

*Hindoo College.*

The students of the Hindoo College have usually had their annual examination at the Town Hall, but by permission of the Right Honourable the Governor General, the annual examination was held at the Government House, where the prizes were distributed in the presence of His Lordship.

*The Balloon.*

We copy from the Gyananneshun an article on the subject of the Balloon, which all Calcutta poured forth to witness last Wednesday week. We are happy to learn that Mr. Robertson proposes shortly to make a second ascent. He has issued an Address to the Native Community of which we give a translation below.

*The Æronaut to the Natives of Bengal.*

I have witnessed with emotions of the liveliest gratitude the interest and the good intentions felt towards me by the Natives of Bengal and manifested in the Englishman of the 21st instant. It is true, that I have experienced great losses, but I am far from attributing my want of success in a pecuniary point of view to the avarice of people renowned for their splendor and their anxiety to encourage the innovations and enterprises of foreigners. I know, on the contrary, that all attempts to entertain or enlighten them, have been handsomely rewarded. I believe that the reason why the visitors to the garden to witness the interesting operation of balloon inflation were so limited in number, was that a doubt existed as to the possibility of my accomplishing what I had undertaken. Now, however, all grounds for want of confidence are removed. I have now proved, by the success which attended my ascension on the 16th instant that my words may be credited; and as, under these circumstances, I flatter myself, that the subscription for the second ascent will be on a liberal scale, I feel it my duty, while expressing my gratitude of the proposition, *to refuse* any collection that may be made to reimburse me for the past. I

অত্যন্ত বাধিত হইলাম কিন্তু ঐ টাকা কদাচ আমি লইতে পারি না। ভারতবর্ষীয় লোকেরদের দর্শনযোগ্য বেলুন যে প্রথম দর্শান গিয়াছে তাহাতেই পরমতৃপ্ত হইয়াছি যদ্যপি বঙ্গদেশীয় লোকেরা আমার প্রথমোদ্যোগে সন্তুষ্ট হইয়া থাকেন তবে আমার দ্বিতীয় উদ্যোগের চাঁদাতেও স্বাক্ষর করিয়া সেই সন্তোষ জ্ঞাপন করিবেন। ফ্রান্সদেশীয় বুদ্ধিকার্য্যদর্শক ব্যক্তিরা দানস্বরূপ কিছু লইতে পারেন না কিন্তু চাঁদা হইলে পারেন।

ডি রাবর্টসন।

২২ মার্চ ১৮৩৬।

---

### সুপ্রিম কোর্ট।

গত সপ্তাহের মধ্যে সুপ্রিম কোর্টে যাহাতে সর্ব্বসাধারণের অনুরাগ জন্মে এমত কোন কার্য্য হয় নাই। গত মঙ্গল ও বুধবারে শ্রীযুক্ত জজ সাহেবেরা যে মোকদ্দমায় পার্ব্বতী দেবী ফরীয়াদী ও লাডলিমোহন ঠাকুর ও অন্যান্যেরা আসামী সেই মোকদ্দমার বিচার করিলেন। তাহাতে এই প্রস্তাবমাত্র ছিল যে পার্ব্বতী দেবীর পিতা তাঁহাকে যে ৫০,০০০ টাকা দেন তাহা আসামীর খাতায় যে তারিখে তোলা যায় সেই তারিখঅবধি সুদ চলিবে কি না।

---

### নূতন টাকা।

নূতন টাকার দ্বারা দীন দরিদ্র লোকেরদের অদ্যাপি অত্যন্ত ক্লেশ হইতেছে। নূতন টাকা ভাঙ্গাইতে গেলে পোদ্দারেরা অতিশয় বাঁটা লয় এবং তাহারা বাঁটাসমেত নূতন টাকা সিক্কা টাকার তুল্য কদাচ জ্ঞান করে না। কলিকাতার কএক ক্রোশ অন্তরে বাজারে কোন দ্রব্য ক্রয় করিয়া মূল্য নূতন টাকা দিলে ৮। ১০ পয়সা করিয়া বাঁটা লাগে। অতএব গবর্ণমেণ্ট এই বিষয়ে মনোযোগী হইয়া প্রজারদের এই অশেষ ক্লেশ নিবারাণার্থ কিঞ্চিৎ ক্লেশ স্বীকার করিলে ভাল হয়। কুরিয়র পত্রে এমত প্রস্তাব হইয়াছে গবর্ণমেণ্ট যদ্যপি এমত হুকুম দেন যে অমুক তারিখের পর পুরাণ সিক্কা টাকা আর চলিবে না এবং গবর্ণমেণ্টের নানা দপ্তরে পুরাণ ১০০ বা তদধিক টাকা এককালে না লইয়া গেলে তাহার সম্পূর্ণ মূল্য দেওয়া যাইবে না তবে ভদ্রত্ব হইতে পারে। যদ্যপি নূতন টাকা বাহুল্যরূপে প্রস্তুত থাকে তবে এমত নিয়ম করিলে ক্ষতি নাই। অন্য এক উপায়ের পরামর্শ গবর্ণমেণ্টকে দেওয়া গিয়াছে যে ত্রেজুরী ও বাঙ্গাল বেঙ্ক এমত ও টাক্‌শালে দশ টাকার ন্যূন না হয় নূতন টাকা লইয়াগেলে অনায়াসে তৎপরিবর্ত্তে পয়সা পাওয়া যায়। ইহাতে গবর্ণমেণ্টের কিঞ্চিৎ ক্লেশ এবং বোধ হয় কিঞ্চিৎ খরচও হইতে পারে কিন্তু ইহাতে যে মঙ্গল হইবে তাহা বিবেচনা করিলে ঐ ক্লেশ বোধ হইবে না। যদ্যপি গবর্ণমেণ্ট দুই সপ্তাহপর্য্যন্ত নিজে পোদ্দারী করিয়া টাকা গাঁথান্ তবে পোদ্দারেরা আর তদ্রূপ ক্লেশ দিতে পারে না।

---

### আড়াআড়ি করিয়া বাষ্পীয় জাহাজের গমন।

গত বুধবারে তিন জাহাজ অর্থাৎ জর্জ সুইণ্টন ও উলিয়ম ব্লণ্ট ও হুগলিনামক বাষ্পীয় জাহাজ প্রায় সাড়ে দুই প্রহরের সময়ে কলিকাতা ছাড়িয়া বাষ্পের দ্বারা বৈদ্যবাটীপর্য্যন্ত পঁহুছিল। তাহাতে জর্জ সুইণ্টন জাহাজ অন্য দুই জাহাজকে উজানগমনে পরাভব করিল। এবং শুনা গেল যে কলিকাতায় প্রত্যাগমনকালেও ঐ সুইণ্টন জাহাজ অপর দুই জাহাজের অগ্রে পঁহুছে। কিন্তু ইহা বিবেচনা করিতে হইবে যে সুইণ্টন ও ব্লণ্ট এই দুই জাহাজ লৌহময় অতএব তাহাতে কেবল ২ ফুট ২ বুরুল জল ভাঙ্গে কিন্তু হুগলি জাহাজ দারুময়প্রযুক্ত ৪ ফুট জল ভাঙ্গে।

---

### মেটকাফনামক বাষ্পীয় জাহাজ।

কিয়ৎকাল হইল আমরা লিখিয়াছিলাম যমুনা নদীতে বাষ্পীয় জাহাজের গমনার্থ চেষ্টা পাওয়া যাইবে। সংপ্রতি শুনা গেল যে উপরি উক্ত বাষ্পীয় জাহাজ বর্ত্তমান মাসের ৩ তারিখে আলাহাবাদ হইতে প্রস্থিত হইয়া ১৪ তারিখে যমুনা নদীর উপরিস্থ কাল্পিনগরে পঁহুছিয়াছে। তথায় জলের ন্যূনতাপ্রযুক্ত ঐ জাহাজ অনেকবার চড়ায় ঠেকিয়াছিল কিন্তু তাহাতে কিছু ক্ষতি হয় নাই।

---

ওয়াটকিন্স ক্লিফ কোম্পানির নিমিত্ত হাবড়াতে বেণিয়ানামক এক বাষ্পীয় জাহাজনির্ম্মিত হইতেছে। ঐ জাহাজ অল্প দিবসের মধ্যে মালাকার মোহানাতে প্রেরণ করা যাইবে। শুনা গেল যে তথায় আরোহিরদিগকে ঐ জাহাজ ইতস্ততঃ লইয়া যাওনার্থ নিযুক্ত থাকিবে।

---

অবগত হওয়া গেল যে শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা নদীতে গমনাগমনীয় লৌহময় বাষ্পীয় নৌকার যে নাম রাখিতে মনস্থ করিয়াছিলেন সেই নাম না রাখণেতে তাঁহারা অত্যন্ত অসন্তোষ জ্ঞাপন করিয়াছেন। লার্ড উলিয়ম বেণ্টীঙ্ক নামক জাহাজব্যতিরেকে তাবৎ বাষ্পীয় জাহাজের পুনর্ব্বার নামকরণ হইবে। বোধ হয় যে চড়নদারেরদের নিমিত্ত যে সকল লৌহময় নৌকা হইয়াছে তাহার নাম বিলাতের হুকুমঅনুসারে রাখা গিয়াছে।

---

### সংস্কৃত গ্রন্থ।

ফোর্ট উলিয়ম কালেজে সংস্কৃত ও দেশান্তরীয় ভাষার বহুমূল্য যে নানা গ্রন্থ ছিল তাহা গবর্ণমেণ্ট এই নিয়মক্রমে আসিয়াটিক সোসৈটিতে অর্পণ করিয়াছেন যে ঐ গ্রন্থ ঐ সোসৈটিকে দান করা যাইবে কি না এইবিষয় শ্রীযুত কোর্ট অফ ডৈরেক্তর্স সাহেবেরা স্থির করিয়া না দেওনপর্য্যন্ত তাহা গবর্ণমেণ্টেরই থাকিবে এবং তাহা রক্ষণাবেক্ষণার্থ মাসেং সোসৈটিকে গবর্ণমেণ্ট ৭৮ টাকা করিয়া দিবেন। যখন পরিশেষে ঐ সকল গ্রন্থ সোসৈটির হইবে তখন ঐ টাকা দেওয়া রহিত হইবে।

---

### চুরি।

কলিকাতার মধ্যে ও তচ্চতুর্দ্দিগে দিনং চুরির অত্যন্ত বৃদ্ধি হইতেছে। প্রায় এমত দিন নাই যে কলিকাতাস্থ সম্বাদপত্রে ডাকাইতি চুরির সম্বাদ প্রকাশ না হয়। সংপ্রতি শালিখাতে এক ডাকাইতি হয় কিন্তু বোধ হইল যে নিমক গোলার অধ্যক্ষ শ্রীযুক্ত বিশ্বনাথ বাবুর স্থানে চুরি করা চোরেরদের অভিপ্রায় ছিল না কিন্তু কোম্পানির কিছু নিমক লইবার আশয়ে গিয়াছিল। গত রবিবার রাত্রে বা সোমবার প্রত্যূষে কষ্টম হৌসহইতে ৫ গুলি পাটনার আফীন চুরী গিয়াছে কিন্তু ঐ গু

am satisfied to have been the first to exhibit in this country a spectacle worthy of the people of India. If the Bengalees are satisfied with my first effort, they will prove their sympathy by subscribing to the second; —but a French artiste never accepts a charitable collection!

D. ROBERTSON.

*March* 22, 1836.—*Engl.*

---

### *Supreme Court.*

There have not been any proceedings of public interest in the Supreme Court during the last week. On Tuesday and Wednesday their Lordships were occupied in trying an issue, Parbutty Dabee *v.* Ladlemohun Tagore and others. It is a mere question whether a sum of Rupees 50,000 given to the plaintiff by her father should bear interest from the day the entry was made in the books of the donor.—*Engl.*

---

### *The New Currency.*

The New Currency continues to be a source of trouble to the poorer classes of Natives. The Shroffs exact a heavy batta, on giving change for the New Rupee, which they appear determined not to consider on the same footing as the old Sicca. In the bazars, a few miles out of Calcutta, eight and ten pice are exacted as the difference in the price of payments for provisions bought by the New Coin. It is time that Government should bestir themselves, and even put up with a little inconvenience in order to remedy these disorders. The Courier proposes that a certain day should be fixed on which the old Sicca Rupees should cease to be a legal tender, and should cease to be received at the Government offices at the Mint value, except in sums of, say one hundred Rupees and upwards. If there should be a sufficient number of the New Coin ready, such a measure would doubtless be very beneficial. Another plan which has been suggested is, that Government should permit an issue of pice in exchange for the New Rupees, at the Treasury, the Bank of Bengal, and the Mint, in sums of not less than 10 Rupees. This would occasion a little trouble and possibly a little expence; but it would be trifling compared to the good which would be effected. Let Government, if necessary, turn Shroffs for a fortnight, and the Shroffs will cease to cheat the people.

---

### *Race of the Steamers.*

On Wednesday last, a race took place between the three steamers, viz. The *George Swinton*, the *William Blunt*, and the *Hooghly*. The vessels started from Calcutta at about half past twelve o'clock and steamed up to Buddibatee. The *George Swinton* beat both the other vessels on the way up. We understand also, that on their return to Calcutta the *Swinton* was still ahead of the other two vessels.

It should however be remembered that the *George Swinton* and the *William Blunt* are both iron vessels, and therefore draw only two feet and 6 inches of water, whereas the *Hooghly* is a wooden vessel, and draws four feet of water.

---

### *The Metcalfe Steamer.*

We stated some little time ago that an attempt was to be made to proceed up the Jumna by steam. We now learn that the *Sir Charles Metcalfe* Steamer left Allahabad on the 3d of this month, and arrived at Calpee on the Jumna, on the 14th instant. She grounded frequently in consequence of the shallowness of the stream, but sustained no injury.

---

A little steamer called the ***Banian***, built at Howrah, and belonging to Messrs. Watkins, Cliff and Co. is to start in a few days for the Straits of Malacca, where we understand she will be employed as a passage boat.

---

We understand that the Court of Directors have expressed their high displeasure, that the Iron river boats were not Christened by the names they designed for them; and that with exception of the boat which bears the name of *Lord William Bentinck*, all these Steamers are to be Christened again. The passenger vessels, we believe, were named according to orders.—*Cal. Cour.*

---

### *Library of Sungskrit and other works.*

The very valuable collection of oriental works, in the Library of Fort William College has been transferred by Government to the Asiatic Society on these conditions: That the books shall be the property of Government until the Court of Directors shall determine whether they are to be absolutely given to the Asiatic Society or not. The Government will allow the Society the sum of 78 Rupees monthly, for the custody of the books, the payment of which sum is to cease if the Court should make over the property of the books to the Society.

---

### *Robberies.*

Robberies seem to multiply in and about Calcutta. Scarcely a day passes without some notice in the Calcutta papers of a fresh robbery. One was recently committed at Sulkea, but it appears that the object of the robbers was not to steal from Baboo Bishoonath, the head of the Native Department of the Salt Golas, but to get hold of some of the Company's salt. On the night of Sunday, or on Monday morning, five balls of Patna opium were stolen from the Custom House. The balls were re-

লি কোনপ্রকারে খিড়কি দিয়া লইয়া যায়। অদ্যাপি চোরেরদের অনুসন্ধান পাওয়া যায় নাই।

সংপ্রতি কলিকাতাতে যে কএক সিন্দুক নীল চুরি হইয়াছিল তাহার মধ্যে এক সিন্দুক শ্রীরামপুরে আসিয়া অনেক পাইকরেরদিগকে বিতরণ হইল। এবং কলিকাতাস্থ পোলীসের আদেশে ঐ পাইকরেরদিগকে ধরিয়া পাঠান গিয়াছে। কিয়ৎকাল হইল কাশীপুরে কোম্পানির লোহার কারখানাহইতে কামানের এক থান ধাতু অপহৃত হইয়া শ্রীরামপুরে আইসে। চোরেরদের এক জন আপন অংশ না পাওয়াতে তাহা ব্যক্ত করিল এবং মাজিস্ত্রেট সাহেব জ্ঞাত হইলেন যে এইরূপে ঐ স্থানহইতে আরো দুই থান ধাতু চুরি হইয়া শুকচর অঞ্চলে লুক্কায়িত আছে। বোধ হয় যে চোরা জিনেসের আড্ডাই শুকচর। এই সকল ডাকাইতি দেখিয়া বোধ হয় যে নদীর উপরে বিশেষ পোলীস রাখণের অত্যাবশ্যক। যেহেতুক যে স্থানে যত জিনিস চুরি যায় তাহার অধিকাংশ জলপথে চালান করে এবং কলিকাতার সম্মুখে ও নিকটবর্ত্তি নানাগ্রামে রাখে।

---

হত্যা।

গত সাপ্তাহিক কএক শোকজনক দুর্ঘটনা আমারদের প্রকাশ করিতে হইল। প্রায়ষড়্বিংশবর্ষবয়স্কজর্জ আলেকজান্দর ইঙ্গলষ্টননামক এক জন সাহেব ইঙ্গলণ্ড দেশে গমনার্থ সাল্টহৌসনামক জাহাজ আরোহণ করিতে বন্দোবস্ত করেন। পরে একখান পানসী ভাড়া করিয়া খাজুরীতে পঁহুছিয়া দেখিলেন যে ঐ জাহাজ চলিয়া গিয়াছে। অনন্তর তাঁহার পানসীর নাবিকেরা তথায় থাকিয়া তত্রস্থ পোষ্ট মাষ্টরের নিকটে এই নালিস করিল যে আমারদের এক জনের উপরে উপরিউক্ত সাহেব গুলি করেন ও কহিলেন যে ভাড়ার টাকা দিব না তাহাতে পোষ্ট মাষ্টর তাহারদিগকে নৌকায় যাইতে পরামর্শ দিলেন এবং তাহারাও তদনুসারে গেল। অনন্তর দুই দিবসপরে বৃহৎ একটা সিন্দুক খাজুরীর নিকটে ভাসিয়া আসিতেছে দেখা গেল এবং তন্মধ্যে উক্ত সাহেবের নামাঙ্কিত বেহালার একখান আচ্ছাদন ও কএকখান পরিচ্ছদ পাওয়া গেল। ইহাতে ঐ যুব সাহেবের কিরূপ অবস্থা হইল তাহার অনুসন্ধানার্থ মাষ্টর আটেণ্ডাণ্ট সাহেব যথাসাধ্য উদ্যোগ করিলেন কিন্তু তাহাতে কিছু ফলোদয় হইল না। আড়কাটির দ্বারা এমত জানা গিয়াছে যে ঐ সাহেব বহির্গমনশীল কোন জাহাজে উঠেন নাই অতএব দৈবাৎ তাঁহার মৃত্যু কিম্বা পানসির মাঝিরদের কর্ত্তৃক হত্যা হইয়াছে কোন সন্দেহ নাই।

---

৺ প্রাপ্ত ডাক্তর হাণ্টর সাহেবের পুত্র চার্লস হাণ্টর সাহেব বেলুনযন্ত্র দর্শনার্থী হইয়া বারুণীপানে মত্তবারণবন্নৌকারোহণে গমনকালীন স্বজনগণকর্ত্তৃক বারম্বার বারিত হইলেও তাঁহারদের বারণ বারণ করিয়া ঐ নৌকাতে অতিসুমার্জ্জিত মেজোপরি চৌকি রাখিয়া তদুপরি উপবিষ্ট হইলেন তাহাতে ঐ চৌকি সরিয়া যাওয়াতে জলপতনে পঞ্চত্ব পাইলেন। ঐ ব্যক্তির স্থানে ৪০০০ টাকা ছিল।

---

আরো এক সাংঘাতিক ঘটনার বিষয় প্রকাশ করিতে হইল যে ইমারতের কর্ম্মকারি গার্ডনর সাহেবেরও প্রাণত্যাগ হইয়াছে। বোধ হয় যে ইনিও বেলুনযন্ত্র দর্শনসময়ে স্বীয় অট্টালিকার ছাদহইতে

moved somehow or other through the venetians. No clue has yet been found to the offenders.

Of the chests of indigo recently stolen in Calcutta, one was traced up to Serampore, when the contents were speedily distributed among the pykars, some of whom on the requisition of the Police have been sent down. Some little time ago, a large piece of cannon metal was stolen from the foundery, and brought up here. One of the robbers having been defrauded of his share of the plunder by his associates, gave information of it. And the Magistrate discovered that two other pieces had been in like manner purloined from the same place, and were secreted somewhere about Sookchur, which appears to be the great receptacle of stolen goods. These constant robberies, call for the establishment of a river police, for no small portion of the articles is removed by water, and distributed in the villages opposite Calcutta, and in its neighbourhood.

---

*Accidents.*

We have to notice several melancholy events which have occurred during the last week. Mr. George Alexander Eagleston, a young man about 26 years of age, had engaged his passage to England on the *Salthouse*. He proceeded to Kedgeree in a hired pansway, and on his arrival there found that the vessel had proceeded down; while lying there the boatmen complained to the Post Master that he had fired at one of them and threatened not to pay them. They were persuaded however to go to the boat again and they did so. Two days after, a large chest was picked up floating by Kedgeree in which was found a fiddle case and several articles of apparel with Mr. Eagleston's initials. The Master Attendant gave all the assistance in his power to find out what had become of the young man, but without success. It has been ascertained from the Pilots that he had not joined any of the outer bound ships, and there can be no doubt that he has met his death accidentally, or been murdered by the boat people.

---

Mr. Charles Hunter, a son of the late Dr. Hunter, was drawn by curisoity to see the balloon, and proceeded down the river in a boat in a state of intoxication. He insisted, notwithstanding the remonstrances of his friends, upon sitting on a chair, which he had placed on a polished table on the deck. The chair slipped, and he fell into the water, where he met with a watery grave. He had four thousand Rupees about him.

---

We have also to record another fatal accident. Mr. Gardner, the builder, has lost his life; it is supposed from slipping off the roof of his residence whilst looking at the Balloon.

পতিত হইয়া মরিয়াছেন যেহেতুক গত বৃহস্পতিবার পূর্ব্বাহ্নে তাঁহার বাটীর পশ্চাদ্‌ভাগে প্রাচীরের নিকটে শব পাওয়া গিয়াছে।

---

কল্য অবগত হইলাম যে চার্লস হণ্টর সাহেবের শব হাবড়ার তটের নিকট ভাসিতে দেখা গেল এবং ঐ শবের কাপড়ের মধ্যে চারি হাজার দুই শত টাকা ও স্বর্ণের ঘড়ি ও যে হীরকাঙ্গুরীয় তিনি সর্ব্বদা ধারণ করিতেন তাহাও পাওয়া গেল।—স্কট গেজেট ২৪ মার্চ।

---

আমেরিকীয় তূলা।

পতিত ফার্গিসন কোম্পানির কুঠী আমেরিকা দেশহইতে যে ১৫০০ মোন নবওর্লিন্সের তূলা আমদানী করিয়াছিলেন তাহা গত সোমবারে জিনকিন্স লো কোং নীলাম ঘরে ফি মোন ২০॥ টাকা করিয়া বিক্রয় হইল।

---

ফরবসনামক বাষ্পীয় জাহাজ।

গত শুক্রবারে ফরবস বাষ্পীয় জাহাজে এমত দৈবঘটনা হয় যে তাহার বিনাশ সম্ভাবনা হইয়াছিল। ঐ জাহাজ চীন দেশে গমনশীল ফোর্টনামক জাহাজ কুলিবাজারহইতে আকর্ষণ করিয়া প্রাতঃকালে ছয় সাত ঘণ্টার মধ্যে মুচিখোলাপর্য্যন্ত পঁহুছিলে হঠাদুপস্থিত অতিনিবিড় কুজ্ঝটিকাতে উভয় জাহাজ পরস্পর এমত আচ্ছন্ন হইল যে ঐ জাহাজের হালধারি ব্যক্তি জাহাজের অর্দ্ধভাগতুল্য দূরও দেখিতে পাইল না তাহাতে ঐ দুই জাহাজে পরস্পর ধাক্কা লাগিয়া বাষ্পীয় জাহাজের অনেক ক্ষতি হইল। পরে এ বিষয় বিবেচনাকরণার্থ ঐ জাহাজের কার্য্যনির্ব্বাহক কমিটির এক বৈঠক হয় তাহাতে এই নিশ্চয় হইল যে এ নিতান্ত দৈবঘটনা এবং তাহা মেরামত করিতে তিন দিবসমাত্র লাগিবে।

---

নূতন আইনের বিরুদ্ধে দরখাস্ত।

সদর দেওয়ানী আদালতের এক জন জজকে জাবেতা মোকদ্দমায় জিলা আদালতের ডিক্রীর অন্যথাকরণ ক্ষমতা দেওনার্থ যে নূতন ব্যবস্থা হইবে তদ্বিরুদ্ধে এক দরখাস্ত বঙ্গদেশস্থ ১৪৩ জনকর্ত্তৃক স্বাক্ষরিত হইয়া গবর্ণমেণ্টে অর্পিত হইয়াছে। তাহাতে এই আবেদন করেন যে ঐ নূতন আইনের দ্বারা কেবল অযথার্থ বিচারের বৃদ্ধি হইবে এবং তদ্দ্বারা এইপ্রদেশীয় শাসনকর্ত্তারদের প্রতি এতদ্দেশীয় লোকেরদের যে সম্ভ্রম ও অনুরাগকরণ বিহিত আছে তাহারই লাঘব হইবে।

---

নগরীয় মাসুল।

রাহাদারী মাসুল উঠিয়া যাওয়াতে সুতরাং নগরীয় মাসুলের উপরে লোকের বিশেষ বিষদৃষ্টিপাত হইতেছে। কিয়ৎকাল হইল আমরা লিখিয়াছিলাম যে এইক্ষণে নগরীয় মাসুলের দ্বারা কলিকাতায় বার্ষিক আশী হাজার টাকার অধিক উৎপন্ন হয় না। এইক্ষণে সেন্ত্রাল ফ্রিপ্রেসের দ্বারা অবগত হওয়া গেল যে আলাহাবাদে নগরীয় মাসুলের উৎপত্তি উক্ত মাসুল অপেক্ষা অল্প অথচ তদ্দ্বারা দেশের সাধারণ বাণিজ্যের বিশেষতঃ আলাহাবাদবাসিরদের যে ক্লেশ হইতেছে সে অতিবিশাল। ঐ পত্রসম্পাদক আপন সম্বাদপত্রে এই বিবরণ প্রকাশ করিয়াছেন। এই টাক্সের দ্বারা গবর্ণমেণ্ট কো

He was found on Thursday morning in the rear of the house, close to the wall, and quite dead.

---

We were informed yesterday, that the body of the late Mr. Charles Hunter had floated on shore at Howrah, and that on his person was found the sum of four thousand two hundred Rupees; as also his gold watch, and a diamond mounted ring which the deceased usually wore.—*Scott's Gaz. March* 24.

---

*American Cotton.*

On Monday last, fifteen hundred maunds of New Orleans Cotton, imported from America by the late firm of Fergusson and Co. was sold by Jenkins, Low and Co. at the rate of *Twenty* Rupees *eight* annas a maund.

---

*The Forbes Steamer.*

The *Forbes* Steamer met with an accident on Friday morning, which had nearly proved fatal to her. She had taken the *Forth* bound to China in tow at Cooley Bazar and was proceeding down Garden Reach between six and seven o'clock, when the two vessels found themselves suddenly enveloped in so dense a fog that the steersman could not see half the length of the ship. The two vessels struck together and the Steamer was considerably injured. The Committee of Management held a meeting to enquire into the circumstances, and found that it was entirely an accident, capable of repair in three days.

---

*Petition against the New Law.*

A Petition against the new law which confers on single Judges of the Sudder Dewannee Adawlut, the power of reversing the Decrees of District Judges in regular cases, signed by a hundred and forty-three individuals, inhabitants of Bengal, has been presented to Government. The Petition states, that the new law threatens to multiply those instances of denied or defeated justice, the occurrence of which cannot but tend to diminish the respect and affection due by the natives of these Provinces to their rulers.

---

*The Town Duties.*

The abolition of the transit duties has necessarily brought the subject of the town duties more prominently forward. We stated some time ago that the amount realized from the town duties in Calcutta, was not more than 80,000 Rs. a year; we now learn from the Central Free Press, that the product of these duties at Allahabad is much less, and that the distress which they inflict on the general trade of the country and on the inhabitants of Allahabad in particular, is very great indeed. The Editor of that paper has furnished us with the following particulars. The yearly sum which this tax brings into the

যে যত টাকা জমা হয় তাহা প্রতি বৎসরে বিশ হাজার টাকার অধিক নহে। ইজারদারের ৪ টাকা করিয়া মাহিয়ানাতে ৭০ জনচাপড়াশি এবং ন্যূনাধিক ১০ টাকা বেতনেতে ১৪ মুহুরির রাখিতেতে হইতেছে তাহার খরচ বার্ষিক পাঁচ হাজার টাকার ন্যূন হইবে না। এতদ্ভিন্ন ইজারদারের লাভ পাঁচ হাজার টাকার কম ধরা যাইতে পারে না। গঙ্গা ও যমুনা নদীর তাবৎ ঘাটেই চৌকি আছে এবং শহরহইতে এক ক্রোশ অন্তর স্থলপথে এক নদীঅবধি অপর নদীপর্য্যন্ত এক শ্রেণী চৌকি স্থাপিত আছে। কলিকাতাহইতে গমনের যে রাজপথ তাহা ঐ চৌকির শ্রেণীর মধ্যদিয়া গিয়াছে। অতএব দেশীয় তাবৎ বাণিজ্য ঐ চৌকির দ্বারা ব্যাহত হইতেছে। ঐ চৌকি দিয়া এক বোঝা জ্বালানিকাষ্ঠ কিম্বা এক টুকরা শবজি লইয়া যাইতে লাগিলেই চৌকির চাপড়াশিরা তাহা আটক করে। এই রূপে গবর্ণমেণ্টের কোষে জমা টাকা অপেক্ষা দ্বিগুণ বা ত্রিগুণ টাকা অনাথ দরিদ্র লোকেরদের দিতে হইতেছে এবং এই উৎপাত যত কাল থাকিবে ততকাল এই মহাবাণিজ্যের ঘাটেতে কেহ আসিবে না এবং নগরস্থ অনাহারি দুঃখি ব্যক্তিরা দেখিতেছে যে চতুর্দ্দিগস্থ গ্রাম্য লোকেরা অনায়াসে অতিসুমূল্যে তাবৎ দ্রব্য পাইতেছে অথচ গবর্ণমেণ্ট যৎকিঞ্চিৎ লাভের নিমিত্ত আমারদের দ্বিগুণ ত্রিগুণ টাকা দণ্ড করাইতেছেন।

রাঙ্গুন বন্দরের মাসুল।

হরকরাপত্রদ্বারা অবগত হওয়া গেল যে ১৮৩৪ সালের অক্তোবর মাসঅবধি ১৮৩৫ সালের অক্তোবর মাসপর্য্যন্ত ১২ মাসে রাঙ্গুন বন্দরের যে মাসুল ও হাসিল আদায় হইয়াছে তাহা পূর্ব্ব২ বৎসরাপেক্ষা অধিক অর্থাৎ তৎসংখ্যা প্রায় আশী হাজার টাকা। রাঙ্গুনের শ্রীযুত গবর্নর সাহেবকর্তৃক বন্দরের খরচ ন্যূনকরণের পরীক্ষাকরাতে মাসুল ও হাসিলের এতদ্রূপ বৃদ্ধি হইয়াছে। তৎপ্রযুক্ত পূর্ব্ব দুই বৎসরের মধ্যে যত জাহাজ ঐ বন্দরে গমন করিয়াছিল তদপেক্ষা অধিক ৪ মাসের মধ্যে তথায় গমন করে। আবার রেসিডেণ্ট শ্রীযুত কর্ণল বর্ণি সাহেব ব্রহ্মদেশীয় মন্ত্রিগণকে ঐ কম মাসুল বজায় রাখিবার নিমিত্ত প্রবোধ দিতেছেন কিন্তু ইহাতে তাঁহার কৃতকার্য্যতাহওনে সন্দেহ আছে।

ধূমকেতু পতন।

যে ধূমকেতু গত বৎসরের অক্তোবর মাসে দৃষ্ট হইয়াছিল তাহা প্রায় আমারদের তাবৎ পাঠক মহাশয়েরা দেখিয়া থাকিবেন। সংপ্রতি বোম্বাইস্থ লোকেরদের মধ্যে তদ্বিষয়ে এক মিথ্যা জনরব হইয়াছে তাহা আমরা অত্যসঙ্গতপ্রযুক্ত প্রকাশ করিলাম। এক ব্যক্তি ব্রোআকহইতে সংপ্রতি বোম্বাইতে পঁহুছিয়া কহিল যে এক দিবস প্রাতঃকালে ঐ ধূমকেতু তত্রস্থ এক কূপের মধ্যে পড়িতে আমি ও অন্যান্য লোক স্বচক্ষেই দেখিয়াছি তাহার পতন সময়ে বজ্রপাতের ন্যায় শব্দ হইল। এবং তৎক্ষণাৎ সেই কূপের তাবৎ জল উত্তপ্ত হওয়াতে সমুদায় জলজন্তু মরিয়া গেল এবং সেই দিবসাবধি ঐ ধূমকেতু আর দৃষ্ট হইল না।

coffers of Government may be taken as twenty thousand. The farmer keeps up an establishment of 70 chuprasees each at 4 Rs. and fourteen mohurrirs, say each at 10 Rs. per mensem; the yearly cost of the whole being 5000 Rupees. To this must be added the profits of the farmer, which cannot be assumed at less than 5000 more. Posts are established at every ghaut of the Ganges and the Jumna, and a strong chain drawn across the neck of the peninsula at two miles above the town, and directly across the great road from Calcutta to the west, along which the whole trade of the country passes. There is not a load of fuel, nor a basket of vegetables brought across the line which is not plundered by chuprasees. By this means double, or even treble, the amount which comes into the coffers of the state is wrung from the most defenceless part of the people; and while the nuisance exist the ghats of the natural emporium of India must remain as at present abandoned; and her starved inhabitants see from their commanding position the neighbouring villages enjoy the prosperity which the Government, for the sake of this petty profit, persevere in denying to them. —*Cal. Courier.*

*Duties in the Port of Rangoon.*

We learn from the Hurkaru, that the amount of Duties and Customs which have been collected during the twelve months between October 1834, and October 1835, exceeds the amount collected in any preceding year, as they amounted to nearly eighty thousand Rupees. This increase arises from an experiment made by the Governor of Rangoon of lowering the port charges, by which means more vessels had visited the port in four months than had arrived in the two years preceding. The Resident at the Court of Ava, Col. Burney, is endeavouring to induce the Burmese Ministers to adhere to this low rate, in as much as it has been found to increase the public revenue, but his success is doubtful.

*The fall of the Comet.*

Our readers must nearly all of them have seen the Comet which appeared here in October last year. A foolish report has been current among the native community of Bombay, which we notice because of its absurdity. A native who recently arrived at Bombay from Broach states, that one morning he witnessed, in common with other spectators, the fall of the Comet into a well at that place, which event was accompanied with a noise like thunder. He reports, that the water of the well became suddenly hot and that all the fishes died, and that from that date the Comet has been no more seen.

কর্ণল চেসনি সাহেবের উদ্যোগ।

পারস্যের মোহানাহইতে অত্যল্প দিবসে অর্থাৎ ৪ ফেব্রুআরি তারিখের পত্র বোম্বাইতে পঁহুছিয়াছে। শ্রীযুত কর্ণল চেসনি সাহেবের উদ্যোগবিষয়ে যে সম্বাদ আগত হইয়াছে তাহা অত্যন্তাশুভাবহ। গত ২৯ দিসেম্বর তারিখে তাঁহার নিকট হইতে বাগদাদস্থানে যে পত্র পঁহুছে তাহাতে লেখেন যে কলের ডেক স্থলপথে অদ্যাপি ফ্রাৎ নদীপর্য্যন্ত আনিতে পারা যায় নাই। কথিত আছে ঐ ডেক পঁহুছিতে যে বিলম্ব তাহা কেবল এবরাহিম পাশার কুমন্ত্রণাতেই হয়।

হাজারিবাগ।

১৬ তারিখের হাজারিবাগের পত্রে দৃষ্ট হইল যে এই পত্র লিখনের এক ঘণ্টা পূর্ব্বে গোরা সৈন্যেরদের ছাউনি দগ্ধ হইয়া গিয়াছে তাহারদের খড়ুয়া ঘর ছিল। যদ্যপি শ্রীযুত কর্ণল ও সেনাপতি সাহেবেরা প্রতিকারার্থ তৎক্ষণাৎ উপস্থিত হইয়াছিলেন তথাপি অগ্নি নির্ব্বাণকরণের পূর্ব্বেই এক শ্রেণী বারিক ভস্মসাৎ হইল। গত দুই মাসের মধ্যে এই দ্বিতীয়বার দগ্ধ হইল। এবং ঐ সকল ঘর ঘরামি মজুর ও খড়ুয়া ব্যবসায়িরদের দ্বারা দগ্ধ হওয়া আশ্চর্য্য নহে যেহেতুক ঐ বারিক ঘর তাহারদের দ্বারাই নূতন প্রস্তুত হইয়াছিল।

লক্ষ্ণৌ।

লক্ষ্ণৌর শ্রীযুক্ত বাদশাহ সংপ্রতি অন্তঃপুর পরিত্যাগ করিয়া মৃগয়ার্থ গমন করিয়াছিলেন কিন্তু বহুকাল ব্যাপিয়া মৃগয়াসক্ত থাকাতে এমত জনরব উত্থিত হইল যে কোম্পানি বাহাদুর তাঁহাকে অপদস্থ করিয়া লক্ষ্ণৌতে প্রত্যাগমন করিতে নিষেধ করিয়াছেন। কিন্তু পরে তিনি রাজধানীতে প্রত্যাগতহওয়াতে ঐ জনরবে যাঁহারদের সত্যতার ভরসা ছিল তাঁহারদের ঐ বোধ ভ্রম হইয়াছে। ঐ বাদশাহ যখন মফঃসলে ছিলেন তখন ভূরি২ রাইয়ত ও জমীদারেরা তাঁহার রাজকীয় তাম্বুতে আসিয়া প্রার্থনা করিলেন যে আমারদিগকে চাকলাদার ও আমলদারেরদের হস্তহইতে রক্ষা করুন। ইহাতে এই অযোধ্যা রাজ্যের গবর্ণমেণ্ট কিপর্য্যন্ত লক্ষ্মীছাড়া ও লোকের অপ্রিয় তাহা সুস্পষ্ট দৃষ্ট হইল।

## বাঙ্গলা সমাচারপত্রের মর্ম্ম।

বেলুন।

গত বুধবারে বেলুনারোহণ রূপাশ্চর্য্য ব্যাপারে মুচিখোলাতে যেরূপ জনতা হইয়াছিল আমরা বোধ করি এপ্রকার লোকের ভিড় কখনও দৃষ্ট হয় নাই গাড়ি পালকি নৌকাতে ও পদব্রজে গমনশীল ব্যক্তিরদের সমারোহেবোধ হয় তাঁহারা বেলুন যন্ত্রে আকাশে গমন অবশ্যই আশ্চর্য্য জ্ঞান করিয়াছিলেন কিরূপ বেলুন কতদূর উঠিয়া কতক্ষণ বিলম্বে পতিত হইয়াছিল এইক্ষণে তাহা লিখিয়া কার্য্য নাই কেন না দীর্ঘকালের সম্বাদ সকল কাগজেই ব্যক্ত আছে কিন্তু উর্দ্ধে উঠিয়া কিকারণ বেগে পতিত হইল বোধ করি এবিষয় সকলে জানিতে পারেন নাই কেহ২ বলেন বেলুনবিষয়ক চাঁদাতে শ্রীযুত রাবর্টসন সাহেবের অধিক লভ্য হয় নাই এপ্রযুক্তই তিনি অধিক দূরে উঠিলেন না এবং যাহারা প্রাগাঢ় বুদ্ধি অভিমান করেন তাঁহারা বলেন উত্তরীয় বাতাসে বেলূন

*Col. Chesney's Expedition.*

Letters from the Persian Gulf have been received at Bombay of as late a date as the 4th February. The accounts from Col. Chesney's expedition continue to be very unfavourable. On the 29th December letters were received from him at Bagdad, mentioning that he had not been able to bring the boilers for his vessels across to the Euphrates. Ibrahim Pasha is said to be the cause of all the delays which have occurred.

*Hazareebaugh.*

A letter from Hazareebaugh, dated 16th instant, says:—"An hour ago the European barracks here were on fire; the roofs being choppered, one barrack was quite destroyed before the fire could be extinguished, though the Colonel and Officers were on the spot immediately. This is the second barrack that has been burnt within these two months at this place, and I should not wonder if it be found out that they are purposely fired by the native builders, thatchers, &c. who have been employed in the erection of them, it being a new cantonment."—*Engl.*

*Lucknow.*

The King has been recently relieving the cloying pleasures of the Haram, with a shikaree excursion; his long absence on which, led to a very current report that he had been deposed by the Company, and that his return to Lucknow was forbidden. His return has, however, dissipated all hopes of the truth of it. While in the district, the crowds of Zumeendars and Ryuts which thronged the Royal tent, praying for protection against the Chuckledars and Amil, fully attested the miserable Government of this country, as well as its unpopularity.—*Agra Ukh.*

## Spirit of the Native Papers.

*The Balloon.*

The exhibition last Wednesday attracted the largest crowd of spectators to Garden Reach we ever witnessed. The number of people, pedestrians, equestrians and vehicularians of all kinds testified the degree of curiosity which the matter had created. It is now too late to inform our readers how the balloon went up—and when and where it fell. A mistake however prevails as to the cause of the rapid descent. Some state that Mr. Robertson was not satisfied with the remuneration which the generosity of the Calcutta public gave him, and therefore would not rise higher. Others who think themselves more clever, very gravely assure us that he was afraid of the sea towards which the upper current of air was evidently blowing him. A third party more incredulous than these assert, the whole was a piece of fraudulence, contrived to bamboozle the superfluous money out of the pocket of

কে দক্ষিণ দিগে লইয়া গেল একারণ আরোহি সাহেব সাক্ষাতে সমুদ্র দেখিয়া ভয়ে তৎক্ষণাৎ পতিত হইলেন অন্যেরা কহেন এসকলই প্রতারণা কলিকাতার লোকেরদের অধিক টাকা আছে তাহা হাত করিবার নিমিত্তই রাবর্টসন সাহেব এই কল করিয়াছিলেন কিন্তু এসকল কথা কিছু নয় ফলত বেলুন যন্ত্র একেবারে মেঘের মধ্যে প্রবিষ্ট হইবাতে মেঘের শীত শক্তি দ্বারা বেলুনের মধ্যস্থ বাষ্পজমিয়া গেল এই কারণ সাহেব তৎক্ষণাৎ বেগে নামিয়া পড়িলেন লোকেরা যথার্থ কারণ না বুঝিয়া নানা কথা কহিতেছেন ইহা আশ্চর্য্য নহে এতদপেক্ষা অধিক পাগলামির কথা যে বলেন নাই আমরা তাহাতে আহ্লাদ জ্ঞান করি কেন না তাঁহারা ইহাও বলিতে পারিতেন যে শ্রীযুত রাবর্টসন সাহেব মন্ত্রের প্রভাবে মক্ষিকারন্যায় ক্ষুদ্র হইয়া স্বর্গে যাইতেছিলেন ইহাতে ইন্দ্রকে পরাভব করিয়া কি যানি তাঁহার সিংহাসন কাড়িয়া লন এই ভয়ে পবন চরণে ধরিয়া সাহেবকে ফিরাইয়া দিলেন পূর্ব্বকালের লোকেরা এইসকল বিশ্বাস করিতেন এখন সকলের বোধ হইয়াছে ইঙ্গরেজেরা মন্ত্রাদি মানেন না আপনারদের বুদ্ধির কৌন্সেলেতেই নানাবিধ আশ্চর্য্যকার্য্য সৃষ্টি করেন কিন্তু অদ্যাপিও বেলুন উঠিবার যথার্থ কারণ জানিতে পারেন নাই তাঁহারা বোধ করেন কোন আরকের তেজেতেই বেলুন উপরে উঠে যাহা হউক মন্ত্রতন্ত্রের পরাক্রম না ভাবিয়া যে আরকের তেজের শক্তি জানিয়াছেন ইহাও ভাল পরে বিদ্যাবৃদ্ধি হইলেই এসকল বিষয় জানিতে পারিবেন।

আমরা আহ্লাদপূর্ব্বক প্রকাশ করিতেছি শ্রীযুত রাবর্টসন সাহেবের ইচ্ছা আছে গড়ের মাঠহইতে পুনরায় বেলুনযন্ত্রে ঊর্দ্ধে গমন করিবেন আমারদিগের প্রার্থনা এবারে সাহেবের কিছু অধিক লভ্য হয়।—জ্ঞানান্বেষণ।

---

গত বৃহস্পতিবারে নূতন মেডিকেল কালেজ খোলা গিয়াছে তাহাতে শ্রীশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর কৌন্সেলাধ্যক্ষ ব্যবস্থাপক সভা ও সেক্রেটরী এবং স্বদেশ বিদেশীয় অন্য প্রধান মহাশয়েরাও উপস্থিত ছিলেন এই মহদ্বিদ্যালয়ের কার্য্য দর্শনার্থ যে সকল বহুতর সম্ভ্রান্ত ব্যক্তিরা মনোযোগ দিয়াছেন ইহা মেডিকেল কালেজাধ্যক্ষদিগের উৎসাহের বিষয় বটে এবং এদেশে চিকিৎসা বিদ্যাপ্রভৃতি নানাবিধ বিদ্যাবিষয়ে যে সকলের মনোযোগ হইতেছে ইহাতে এ দেশে বিদ্যা প্রচারের বন্ধুরাও আহ্লাদিত হইবেন আমারদিগের এরূপ লিখনের তাৎপর্য্য এই যে ১৮৩৫ সালের ৫ জানুআরি তারিখের ছাপাযন্ত্রবিষয়ক সভা এবং অন্যান্য দুই এক সভাব্যতীত কোন সভাতেই এত লোকের সমাগম হয় নাই।

শ্রীশ্রীযুত গবর্নর্ জেনরল বাহাদুর আসিয়া আসনোপবিষ্ট হইলে পর শ্রীযুত ব্রমলি সাহেব নূতন কালেজে প্রথমবক্তৃতা আরম্ভ করিলেন ঐ সাহেব মধুর বচনে সময়োপযুক্ত যে সকল কথা কহিলেন তাহা সকলেই বুঝিতে পারিলেন শ্রীযুত ডাক্তর ব্রমলি সাহেব আপন বিদ্যার গৌরব করিয়া কঠিন শব্দ কিছুই বলেন নাই সভাস্থলোকেরা সন্তোষপূর্ব্বক তাঁহার সকল কথাই বুঝিয়াছে বস্তুতঃ শ্রীযুত ডাক্তর ব্রমলি সাহেব অতিসুস্বরে স্পষ্টাক্ষরে শ্রেণীপূর্ব্বক যেরূপ বক্তৃতা করিয়াছেন তাহা শ্রবণে সকলই ধন্যবাদ করিলেন জ্ঞানান্বেষণে স্থানাভাবপ্রযুক্ত ঐ সাহেব যে বিষয়ে বলিয়াছেন তাহার কিঞ্চিৎ এবং তাঁহার মনোহর বাক্যের কিয়দংশও আমরা প্রকাশ করিতে পারিলাম না কিন্তু ঐ বিদ্যালয়ের গৌরব বৃদ্ধ্যর্থ এতদ্দেশীয় বাবু সকলের মুখাবলোকন করিয়া শ্রীযুত ডাক্তর ব্রমলি সাহেব যে নিবেদন করিয়াছেন আমারদিগের বোধ হয় তাঁহারা ঐ নিবেদনে অবশ্যই মনোযোগ করিবেন কেন না যাহাতে স্বচ্ছন্দ শরীরে দীর্ঘকাল জীবদ্দশায় থাকিতে পারেন এমত বিষয়ের সাহায্য না করিলে আপনারদিগেরই হানি করিবেন দেশস্থ বিজ্ঞলোকেরদিগকে আমরা ইহার অধিক আর কি কহিব পীড়ার উপযুক্ত চিকিৎসার অভাবে যে কত অনিষ্ট হইতেছে তাহা প্রতি দিন দেখা যাইতেছে সমুচিত চিকিৎসা না হওয়াতে মূর্খ বৈদ্যেরদের বিদ্যায় ঘন্টায়২ লোক মারা পড়িতেছে যত লোকের মৃত্যু হয় তাহার ফর্দ্দ পাইলে বোধ হয় আমরা যাহা মনে করি ভারতবর্ষের বার্ষিক মৃতলোকের সংখ্যা অপেক্ষাও অধিক হইবেক তবে গবর্ণমেণ্টের আনুকূল্যে যে মেডিকেল কালেজ স্থাপন হইয়াছে এদেশের লোকেরা তাহার সাহায্য করেন না কেন তাহা বলিতে পারি না যে বিদ্যালয়ের দ্বারা শরীরের ও জীবনের কুশল তাহার প্রতি মনোযোগ না থাকাতে আমারদিগের বোধ হয় এতদ্দেশীয় লোকেরা আপনারদের সততার আক্ষেপ ও লক্ষ২ লোকের দুঃখের ক্রন্দনে কর্ণগত করেন না গত বৃহস্পতিবারে যে সকল বাবুরা মেডিকেল কালেজে উপস্থিত ছিলেন না উপায় আছে তাঁহারা ঐ কালেজের সাহায্য করিতে পারেন অতএব আপনারদের সম্ভ্রম ও দেশস্থ লোকেরদের প্রবৃত্তি নিমিত্ত তাঁহারদিগের উচিত হয় ঐ কালেজের সাহায্য করেন।

এই বিদ্যালয়ের কার্য্যের সম্পূর্ণ ভার বিদ্যার্থি বালকদিগের উপর তাঁহারা পরিশ্রম করিলেই বিদ্যালয় স্থাপনকারি মহাশয়দিগের আশা পরিপূর্ণ হইবে অনেকে বলেন এদেশে অস্ত্র চিকিৎসার চালনা হইতে পারে না কিন্তু বালকেরা এক প্রকার তাঁহারদিগের কর্ম্ম দেখাইয়াছেন আমরা ভরসা করি পরে ঐ বিদ্যা বৃদ্ধি হইলে মেডিকেলকালেজের মিত্রেরা আহ্লাদিত হইবেন শ্রীযুত ডাক্তর ব্রমলি সাহেব শ্রীযুত ডাক্তর গুদের সাহেব শ্রীযুত ডাক্তর ওসানিসি সাহেব এই সকল ব্যক্তি শিক্ষকতা পদে নিযুক্ত আছেন ইহাতে যদি বালকেরা নৈপুণ্য দর্শাইতে না পারেন তবে তাহারদিগের প্রতিই দোষস্পার্শিবে আমারদিগের নিশ্চয় আছে তাহারা অবশ্যই শিক্ষা করিবেন এবং যেরূপ দেখা গিয়াছে তাহাতে বোধ হয় বালকদিগের এইরূপ মনোযোগ চিরকালই থাকিবে।

---

## প্রেরিতপত্র।

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয় সমীপেষু।

আমরা নিতান্ত খেদাপন্ন হইয়া এই কতিপয় পঁক্তি আপনকার সমীপে প্রেরণ করিতেছি কৃপা বিতরণে দর্পণে প্রকাশ করিবেন। এই মহারাজ্য ভারতবর্ষ শ্রীলশ্রীযুক্ত ইঙ্গলণ্ডীয় রাজ্যাধিপের অধীন হওয়াপর্য্যন্ত সাধারণের মঙ্গল এবং সৌভাগ্যের উৎকর্ষতা বিবিধপ্রকারে হইতেছে। বর্ত্তমান সময়ে ভারতবর্ষ সভ্যতা এবং বিদ্যাবিষয়ে সর্ব্বতোভাবে পরিগণিত। শ্রীলশ্রীযুক্ত লার্ড উইলিয়ম বেণ্টীঙ্ক ভারতবর্ষের গবর্নর্ জেনরলের পদ প্রাপ্ত হইয়া যে প্রকার দেশের মঙ্গল বৃদ্ধি এবং জনপদের উপকার করিয়াছেন তাহা সুপ্রকাশ আছে এবং উক্ত শ্রীযুক্তের দেদীপ্যমান কীর্ত্তিসমূহের মধ্যে অস্মদাদিকে বিচারকর্ত্তার পদ প্রদানপূর্ব্বক যে প্রকার উচ্চ মর্য্যাদা বিশিষ্ট করিয়াছেন সে চিরস্মরণীয়। এবং শ্রীলশ্রীযুক্ত সর চার্লস মেটকাফ

the city fools. The real cause seems to be unknown that Mr. Robertson met with a stratum of cloud, which condensed the gas inclosed in his balloon, and destroyed its buoyant power. We do not wonder at the credulity of our countrymen. We are glad that worse absurdities have not been believed in, for instance, that Mr. Robertson was a great muntur-walla, who by the power of his spell disburdened himself of his body and rose with the lightness of a fly upon the suspended car to none visible as such, while the God of wind fell prostrate at his feet and prevailed on him to desist from this bold intrusion into the upper regions to attack the throne of Indra. Time was when such things would have been believed, but our countrymen have a great conception of the mechanical skill of the Europeans, and are thoroughly aware that they are great disbelievers in magic. Happily, instances are not wanting to the observation of the bulk of the native population of this country of the surprising power obtainable by *hoonoree-elum*. The true principles of the science are however unknown to them, and all that they at present understand about the cause of the buoyancy of balloons is the *tej* or force of all arrack. At any rate this is consoling news; it is a great step gained that superstition is not supposed to have any influence in these exhibitions. The diffusion of knowledge will give them an insight into their causes. For this let us trust to time.

We are happy to hear that Mr. Robertson has resolved to make another ascension on a future day from the maidaun. We wish he will be more successful this time.—*Gyananneshun.*

---

The new Medical College was opened on Thursday last. The ceremony was honoured by the presence of the Governor General, the Members of Council, of the Law Commission, the Secretaries of Government, and a large number of influential and respectable European and Native gentlemen, amounting in all to upwards of 500. Well may those connected with this noble institution be proud of the attention bestowed upon it, and well may the friends of native improvement rejoice at the interest felt for the cause of native education in general and of native medical education in particular; for with the exception perhaps of the ever-memorable Press meeting on the 5th January, 1835, and one or two other occasions, when was there so numerous and respectable an assembly ever collected in Calcutta?

On the Governor General's taking his seat, Principal Bramley commenced his inaugural address. It was an address at once the most appropriate, as it was simple and eloquent. Unencumbered with scientific technicalities and professional ostentation, it came home to the business and bosoms of all present. And the admirable mode in which the worthy Principal delivered it, 'his commanding tone and expressive gesture' drew forth a burst of applause from his attentive audience. In the limited space at our command it is utterly beyond our power to do any, the least adequate justice either to the subject matter of the address or the impressive manner of its delivery. We trust however that the appeal of Dr. Bramley to the native gentlemen present will not be lost upon them. We trust that they will come forward to support an institution which promises to confer an inestimable blessing upon all classes of the people—the blessing of health and life. More than this we need scarcely urge on the intelligent portion of our countrymen. Daily experience must have shown them what a vast quantum of misery is produced by ill-treatment of diseases—how many thousands are carried away by death for want of medical aid, and how many lives are hourly sacrificed to the unprincipled rapacity of the native quacks. Could a return be obtained of the deaths which annually occur in India, the number, we are sure, would exceed our present conceptions. What is it then that can possibly prevent the wealthy and influential native from lending their assistance to the Medical College established under the auspices of Government? They must indeed be deaf to the calls of humanity—the cries and sufferings of hundreds of their species, if they evince no interest in behalf of an institution which aims at diffusing knowledge, necessary to the preservation of life and health. Of the native gentlemen who were present at the Medical College on Thursday last, many are there who have the means of assisting the institution in various ways. It is for these to come forward and set an example of munificence, equally honourable to themselves and worthy of the imitation of their countrymen.

The ultimate success of the institution must, however, in a great measure, depend upon the zeal and exertions of the students. It is for them to realize expectations of the benevolent founders of the College—to give a practical refutation to the opinion entertained by some that medical science cannot be successfully cultivated in India. Already have they given an earnest of what might be expected from them. We trust that their future progress will not disappoint the best hopes of their friends. Placed under the instructions of such men as Principal Bramley and Professors Goodeve and O'Shaughnessy, it will be their fault if they do not advance in the career of improvement. But we are sure we need not urge this on their attention. From what we have personally witnessed of the zeal and attention of many of them, we are convinced that they would always continue to evince a spirit of generous emulation.—*Gyan.*

---

## Correspondence.

*To the Editor of the Durpun.*

Oppressed with great distress, we send you these few lines for insertion in the Durpun. You will highly oblige us by giving them a place. Since the great realm of India has been under the British Government its welfare, prosperity, and improvement, have been promoted in various ways; and at present its civilization and growth in knowledge is increasing. It is well known how Lord William Bentinck improved the country and benefited the inhabitants while he held the office of Governor General. More particularly among his splendid acts do we reckon the honour conferred by him on the natives by the elevated situation he gave them, for which

সাহেব উক্ত পদাভিশিক্ত হইয়া মুদ্রাযন্ত্রসমূহকে ক্ষমতা প্রদান করাতে এবং দ্রব্যাদির উপর রাজস্ব গ্রহণ নিরাবণ করাতে দেশের কি উপকার না করিয়াছেন। কিন্তু হে দর্পণপ্রকাশক মহাশয় অস্মদাদি ভূমিসংক্রান্ত লোক উক্ত মহামহিমেরা আমারদিগের প্রতি কটাক্ষও করিলেন না। আমরা অম্বুধি তীরস্থ পিপাসাযুক্তের ন্যায় নিরন্তর ব্যাকুল চিত্ত হইয়াছি। আমারদিগের মনদুঃখ সাকল্যরূপে বর্ণন করিলে অত্যন্ত বাহুল্য হয় একারণ সংক্ষেপে লিখিতেছি। অভিলাষ এই যে নৃপতির গোচর হইয়া আমারদিগের প্রতি কৃপাবলোকন করেন। প্রথমতঃ কানুন দুয়ম আমারদিগের যমদণ্ড স্বরূপ আমারদিগের ভূম্যাদি ভগ্ন হইয়া যে নূতন পুলিনাদি রচনা হয় তাহা গবর্ণমেণ্ট অনায়াশে গ্রহণ করেন কিন্তু নিয়মিত রাজস্বের ন্যূনতা কোনপ্রকারে স্বীকার করেন না। লিখিত রাজঅন্যায়বিষয়ে আমরা অনেক রোদন করিয়াছি কিন্তু দুরদৃষ্টপ্রযুক্ত ভূপতির কর্ণকূহরে প্রবেশ হয় নাই। দ্বিতীয়তঃ রাজকর প্রদান করিতে বিলম্ব হইলে তৎক্ষণাৎ বিষয় বিক্রয় করিয়া আপন স্বার্থ গ্রহণ করেন। কিন্তু জমীদার লোক স্বীয় পৈতৃক ধনদ্বারা রাজকর দেয় কি প্রজালোকের নিকটহইতে কর গ্রহণ করিয়া রাজার তোষ জন্মায় তাহা বিবেচনা করেন না যদ্যপি প্রজালোক জমীদারকে কর প্রদান না করে তাহা প্রাপ্তজন্য সপ্তম আইন সৃষ্টি করিয়াছেন কিন্তু নালীস করিয়া কর গ্রহণ করা যত অবিলম্বে এবং অনায়াসে হয় তাহা সাধারণের অগোচর নহে। আমরা নিরন্তর এই প্রকার বিবিধ দুঃখ প্রাপ্ত হইয়া এই আকাঙ্ক্ষিত হইয়াছি যে ভূম্যাদি পরিত্যাগ করিয়া যেপ্রকারে জীবনোপায় করা কর্ত্তব্য হয় তাহা করি কিন্তু পৈতৃক বিষয়চ্যুত হওনে দুর্ণাম হওনের আশঙ্কাপ্রযুক্ত সহসা ক্ষমতাপন্ন হই না। অতএব হে দর্পণপ্রকাশক মহাশয় আমারদিগের দুঃখসমূহ আপনকার ব্যাপ্ত দর্পণ পত্রে প্রকাশ হইলে শ্রীলশ্রীযুক্ত আকলণ্ড নূতন গবর্নর্ জেনরলের গোচর হইবে যদ্যপি আমারদিগের প্রতি কৃপা কটাক্ষ করিয়া ঐ যমদণ্ডরূপ কানুন দুয়ম ও সুয়ম স্থগিত করেন তবে বিশেষ কীর্ত্তি স্থাপন হয় এবং আমরাও স্বচ্ছন্দ হইয়া শ্রীলশ্রীযুক্তের মঙ্গলাকাঙ্ক্ষা নিয়ত জগদীশ্বরের নিকট করি।

১৩ ফাল্গুণ।

কেষাঞ্চিৎ ভূমিসংক্রান্তানাং।

---

শ্রীযুত দর্পণপ্রকাশক মহাশয়সমীপেষু।

বিনয়পূর্ব্বক নিবেদনবিশেষঃ। সংপ্রতি অবগত হইলাম যে শ্রীযুত আনরবল উলিয়ম ব্লণ্ট সাহেব বাহাদুর ভারতবর্ষহইতে স্বদেশ গমন করিবেন ইহাতে এতদ্দেশীয় লোকসকলে কিপর্য্যন্ত দুঃখিত হইয়াছে তাহা বর্ণনে বর্ণাভাব। অতএব শ্রীযুত ব্লণ্ট সাহেব বাহাদুর শ্রীলশ্রীযুত আনরবল কোম্পানি বাহাদুরের যেপর্য্যন্ত লভ্য ও এতদ্দেশীয় দীন দরিদ্র প্রজালোকের যেরূপ উপকার করিয়াছেন তাহার কিঞ্চিৎ লিখিতেছি মহাশয় দর্পণে স্থানদিয়া বাধিত করিবেন।

১ দফা। যৎকালীন শ্রীযুক্ত ব্লণ্ট সাহেব জিলা জঙ্গলমহলের জজ মাজিস্ত্রেটীপদে নিযুক্ত ছিলেন তৎসময়ে দীনদরিদ্র লোকেরদের উপকারার্থ নিজ খরচের দ্বারা তথায় এক মশাফিরখানা তৈয়ার করিয়া দিবাতে প্রতিদিবস হাজার দেড়হাজার দীন দরিদ্র লোক জমা হইলে তাহারদের নানাপ্রকার খাদ্য সামগ্রী দিতেন। আর চোর ডাকাইতেরদের এমত শাসন করিয়াছেন যে মহাজন লোকসকল আপন২ ব্যবসায়ের জিনিসপত্র লইয়া এবং মশাফিরসকল নিরুদ্বেগে গমনাগমন ও প্রজালোকসকল সুখে কালযাপন করিতেছে।

২ দফা। যে সময় শ্রীযুক্ত ব্লণ্ট সাহেব বাঙ্গালা ও বেহার ও উড়িষ্যা এবং পশ্চিম প্রদেশের পোলীসের সুপরিণ্টেণ্ডেণ্টীপদে নিযুক্ত হইলেন তৎকালীনচোর ডাকাইতের এমত শাসন করিলেন যে তাহাতে প্রজাসকল নিরুদ্বেগে

he will be held in lasting remembrance. And Sir Charles Metcalfe, on assuming that high office, has conferred the highest benefit on the country by granting the liberty of the Press and abolishing the transit duties. But, Mr. Editor, neither of these elevated characters looked with a compassionate eye towards us landholders. We are like thirsty beings on the banks of a great river; if we were to describe our griefs at large, the detail would be long; we therefore mention them most briefly. Our hope is, that they will reach the eyes of our rulers, and we may obtain relief. In the *first* place, Regulation II. is to us like the sceptre of the Regent of death. When lands are cut away from one place and cast up on another, Government take the revenue of the newly formed lands, but allow no reduction for the lands which have been cut away. This grievance has caused us to shed many tears; but through our misfortune the matter has not reached the ears of our rulers. *Secondly*. If there is any delay in sending in the revenue, our property is at once seized and sold, but no body inquires whether the Zemindars are paying the revenue from their ancestral property or from the rents they receive from the ryuts. If the ryuts do not pay the Zemindar, he may proceed against them according to Regulation VII. but every one must be aware of the extreme delays which follow this mode of collecting revenue. So great are the difficulties to which we are exposed that we would rather throw up our lands and provide for our subsistence as we may, but it is difficult to submit to the disgrace of losing that which belong to our fathers. Therefore, Mr. Editor, we beg you to publish this our grievances in your Durpun; perhaps it may catch the eye of our new Governor General Lord Auckland. If he will compassionately relieve us from Regulations Two and Three, he will do a great action and lay us under constant obligation.

*Certain Zemindars.*

*13th Falgoon.*

---

*To the Editor of the Durpun.*

SIR,—We have heard that the Honourable William Blunt is about to leave India for his native land. To what extent the people of this country are afflicted at this intelligence, I am unable to describe. I wish therefore to mention in a few words to what extent this gentleman has benefited the Honourable Company, and assisted the poor inhabitants of this country. If you kindly give them a place in the Durpun I shall be much obliged.

*1st.* When Mr. Blunt was Judge and Magistrate in the Jungle Mehauls, he provided at his own expence a place of refreshment for poor and destitute travellers, and every day 1000 or 1500 needy persons were partakers of his bounty. And he so completely repressed thieves and dacoits that merchants with their property, and all travellers, traversed the district without fear; and all the people lived in prosperity.

*2d.* When this Gentleman was Superintendent of the Police in Bengal, Behar, Orissa, and the Western Provinces, he completely subdued the thieves and dacoits, so that the inhabitants of these districts lived

কালযাপন করিতেছিল ও মহাজনসকল জিনিসপত্র লইয়া দেশব্যাপিয়া কারবার করিতেছিল। কোন স্থানে কোন ব্যাঘাত হয় নাই আর যে২ জিলার মাজিস্ত্রেটলোক তদারকের গাফিলে ছিলেন তাঁহারদের মোনাসিব দমন করিলেন।

৩ দফা। যে সময়ে জিলা কটকের সকল বিষয়ের তদারকের ও কোর্ট সরকট ও কোর্ট আপীলের কমিস্যনরীপদে নিযুক্ত হইয়াছিলেন তৎকালীন রেবিনিউ মোতালকের অনেক মহল সরকারের খাসে ছিল। ঐ সকল মহল তদারক করিয়া এমতপ্রকার বন্দোবস্ত জমীদার লোকের সহিতকরিলেন যে তাহাতে সরকারের অনেক টাকা লভ্য করিলেন এবং জমীদার লোকও তুষ্ট হইয়া বেওজরে মালগুজারি করিতে লাগিল। আর ফৌজদারী ও দেওয়ানী আদালতের মোকদ্দমাসকল বিনাপক্ষ পাতিতে এমত ফয়সলা করিতে লাগিলেন যে তাহাতে সকলই ধন্যবাদ দিতেছে। অপর দীন দরিদ্র লোকের কারণ জলেশ্বরঅবধি শ্রীক্ষেত্র পর্য্যন্ত স্থানে২ দশ বারটা মশাফিরখানা তৈয়ার করাইয়া প্রতিদিবস নিজ খরচের দ্বারা খাদ্যসামগ্রী দিতে লাগিলেন। আর ৺ জগন্নাথদেবের দর্শনার্থ যে সকল দরিদ্র লোক যাইত তাহারদিগকে অসংখ্যক টাকা প্রদান করিতেন ইহাতে দরিদ্রলোকের কিপর্য্যন্ত উপকার করিয়াছেন। সম্পাদক মহাশয় বিবেচনা করিয়া দেখুন সরকারের আরো কিপর্য্যন্ত কিফাত্ত করিয়াছেন জিলা কটকে সালিয়ানা ছয় লক্ষ মোন পাঙ্গা লবণ পোক্তান হইত। শ্রীযুত ব্লণ্ট সাহেববাহাদুর তদারক করিয়া কটক জিলাকে দুই ভাগ করিলেন এক ভাগ কটক অপর ভাগ বালেশ্বর ইহাতে শ্রীযুত বাবু ব্রজমোহন ঘোষাল লবণপোক্তানির বিষয়ে বড় বিজ্ঞবর তাঁহাকে দেওয়ানীতে মোকরর করিয়া স্থানে২ লবণচৌকী বসাইবাতে সালিয়ানা ১৬ লক্ষ মোন নিমক পোক্তান করাইয়া সরকারী গোলা শালিখায় চালান করিলেন। তৎকালীন এপ্রদেশে ১০০ মোন লবণ নীলামে ৫০০ টাকার হারে বিক্রয় হইয়াছে ইহাতে সাবেক পোক্তান ৬ লক্ষ মোন লবণ বাদে সালিয়ানা ১০ লক্ষ মোন লবণ বেশী পোক্তান হইয়া ৫০ লক্ষ টাকায় বিক্রয় হইয়াছে। তাহাতে সরকারের হর রকমে খরচ ১০ লক্ষ মোন লবণে ১০ লক্ষ টাকাবাদে ৪০ লক্ষ টাকা সালিয়ানা মুনাফা হইয়া ১৮২৪ সালঅবধি ১৮২৮ সালপর্য্যন্ত ৫ বৎসরে বেশী মুনাফা ২ কোটি টাকা সরকারের হইয়াছে। তৎপরে সদর বোর্ড রেবিনিউ ও সুপ্রিম কৌন্সেলের অন্তঃপাতি হইয়া ও আগ্রা রাজধানীর গবর্নরীপদ ধারণ করিয়া যেপ্রকার দক্ষতারূপে কর্ম্মের আঞ্জাম করিয়াছেন তাহা সকলে দেখিয়াছেন অতএব সকল কর্ম্মের বিজ্ঞ যে শ্রীযুত ব্লণ্ট সাহেব বাহাদুর ভারতবর্ষ পরিত্যাগ করিলেন ইহাতে প্রজালোকের মনঃপীড়া হয় কি না। অতএব মহাশয় দর্পণে এই পত্রখানিকে স্থান দিবেন এবং কলিকাতা গেজেট ও ইঙ্গলিসমেন ও বাঙ্গাল হরকরা এবং অন্যান্য ইঙ্গরেজী সম্বাদপত্রসম্পাদক মহাশয়েরা স্ব২ পত্রে স্থান দিয়া শ্রীযুক্ত আনরবল উলিয়ম ব্লণ্ট সাহেব বাহাদুর ও শ্রীলশ্রীযুক্ত গবর্নর্ জেনরল বাহাদুরের কর্ণগোচর করাইবেন যে শ্রীযুক্ত ব্লণ্ট সাহেব ভারতবর্ষে আর কিছুকাল থাকিয়া শ্রীলশ্রীযুক্ত আনরবল গবর্নর্ জেনরল বাহাদুরকে ভারতবর্ষের তাবদ্বিষয় সুজ্ঞাত করিয়া প্রজালোকের ক্লেশ দূর করেন নিবেদন ইতি তাং ১৪ মার্চ।

কস্যচিৎ দর্পণপাঠকস্য।

---

কোম্পানির কাগজ।

| | | | |
|---|---|---|---|
| ৬ টাকা সুদের লোন | ২১ | ২২ | প্রিমিয়ম |
| পুরাতন ৫ টাকার লোন | | | |
| ১ ক্লাস | ৮০ | ॥০ | ঐ |
| ২ ক্লাস | ১ | ৮০ | ঐ |
| ৩ ক্লাস | ১।০ | ১৮০ | ঐ |
| মধ্যম ৫ টাকার লোন | ০ | ০ | ঐ |
| নূতন ৫ টাকার লোন | ১৮০ | ২ | ঐ |
| ৪ টাকার লোন | ১৮০ | ২ | ঐ |

বেঙ্ক সের।

বাঙ্গাল বেঙ্ক ৮০০—৬০০৫০ প্রমিমিয়

in security, and merchandise was conveyed safely throughout the length and breadth of the land. There was no disturbance in any place; and if the authorities in any Zillah were negligent in their duty, he made them feel the weight of his power.

*3d.* When he was the Commissioner of the Circuit Court, and the Court of Appeal, and of all that related to the district of Cuttack, he augmented the revenue in many places to a very great extent. He examined into the circumstances of the different places, and formed such agreements with the Zumeendars, that the Government were great gainers and the Zumeendars were well pleased with his arrangement, and agreed to them without hesitation. Moreover he settled all the cases in the Police Courts, and the Dewannee Adawlut, in so impartial a manner, that all praised him. For the benefit of the poor he also erected ten or twelve different places between Jalasore and Pooree for the refreshment of travellers, and supplied them with all kinds of necessaries from his own resources. He expended, too, on the pilgrims to Juggernath incredible sums of money, to the great advantage of the poor. Mr. Editor, consider also how the Government has been benefited by his labours. In the Zillah of Cuttack there were six lakhs of maunds of good salt prepared yearly. Mr. Blunt divided the district into two parts, Cuttack, and Balasore. He appointed Baboo Brujumohun Ghosal as dewan over the salt manufactory, who established salt chowkees in various places, and the yearly amount of excellent salt by this means safely lodged in the Golahs at Sulkea was increased to 16 lakhs of maunds. At that time 100 maunds of that salt sold for 500 rupees; so that the yearly increase which he effected in the manufacture of salt in that district brought the Company abous 50 lakhs of rupees. This profit in five years, from 1824, till 1828, amounted to 2 crores of rupees. Afterwards when in the Sudder Board of Revenue, and in the Supreme Council, and when Governor of Agra, all know how uprightly he performed the duties of these high offices. Is it to be wondered at, then, that it should be a source of universal regret that such a functionary should be about to leave India? Therefore, Mr. Editor, be pleased to give these lines a place in your Durpun, and let the Editors of the Calcutta papers insert them in their journals; we hope it will then appear best both to Mr. Blunt, and to our new Governor General, that he should remain a little longer in this country, that he may impart to our new Governor the benefit of his knowledge and experience in all matters relating to this country. In this way the affliction of the people may be alleviated.

*A Certain Reader of the Durpun.*

*March 14th.*

---

*Government Securities.*

| | | | |
|---|---|---|---|
| 6 Per Cent loan, | 17 0 | 18 0 | Prem. |
| Old 5 Per Cent loan, | | | |
| 1st Class, | 0 4 | 0 8 | |
| 2d. Class, | 1 0 | 0 12 | |
| 3d. Class, | 2 12 | 3 0 | |
| Middle 5 per cent loan, | 0 0 | 0 0 | |
| New 5 per Cent, | 2 12 | 3 0 | |
| 4 per Cent loan, | 1 10 | 2 2 | Disct. |

*Bank Shares.*

Bank of Bengal, .............. Sa. Rs. 5800 – 6000.